বিলাসী

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
[১৮৭৬–১৯৩৮]

'বিলাসী' গল্পের প্রধান চরিত্র বিলাসী। সে নিচু বর্ণের সাপুড়ের মেয়ে। গল্পে উচ্চবংশীয় মৃত্যুঞ্জয়কে সেবা-শুশ্রূষা দিয়ে সুস্থ করে তোলে বিলাসী। মৃত্যুঞ্জয়ও তার সেবার প্রতিদানে ভালোবেসে বিয়ে করে তাকে। কিন্তু মৃত্যুঞ্জয়ের স্বার্থপর খুড়া গ্রামে বিভিন্ন কুৎসা রটনা করে বেড়ায়। বিলাসীর হাতে ভাত খাওয়ায় অন্নপাপের অভিযোগ তুলে খুড়া গ্রামবাসীকে সঙ্গে নিয়ে মৃত্যুঞ্জয়কে ভিটাছাড়া করে। মৃত্যুঞ্জয়ও সব অবিচার মেনে নিয়ে বিলাসীকে বিয়ে করে সাপুড়ে জীবন বেছে নেয়। কিন্তু কপালে সুখ বেশি দিন সয় না তাদের। একদিন সাপ ধরতে গিয়ে খরিশ গোখরা সাপের কামড়ে মৃত্যু ঘটে মৃত্যুঞ্জয়ের। স্বামী হারানোর কষ্ট বিলাসী মেনে নিতে পারে না। তাই একসময় স্বেচ্ছামৃত্যুর পথ বেছে নেয় সে। গল্পটিতে সামাজিক সংকীর্ণ রীতিনীতি উপেক্ষা করে মানব-মানবীর প্রেমের মহিমা ফুটে উঠেছে।

AUDIO BOOK

শুরুতেই বোর্ড বই থেকে 'বিলাসী' গল্পটি পড়ে নাও। অথবা মোবাইলে Audio Book শোনার জন্য QR Code স্ক্যান করো।

অধ্যায় অ্যাসেসমেন্ট ছক		
ছক-১	ছক-২	ছক-৩

বিস্তারিত জানতে পৃষ্ঠা ২ দেখো

3A পেলে অর্জিত হবে A+

■ অধ্যায়টির শিখনফল

Tutor এখানে অধ্যায়ের শিখনফলগুলোর গুরুত্ব স্টার (★) চিহ্নিত করে বোঝানো হয়েছে। কোন শিখনফল থেকে বিগত বছরসমূহে বোর্ড পরীক্ষায় কত সংখ্যক প্রশ্ন এসেছে এবং এ অধ্যায়ে এসব শিখনফলের ওপর কোন কোন প্রশ্ন রয়েছে সেসব এ ছক থেকে জানতে পারবে তুমি।

	শিখনফল	বোর্ড ও সাল	প্রশ্ন নম্বর
★★	১. সংকীর্ণ সমাজদৃষ্টির উর্ধ্বে মানব-মানবীর প্রেমের স্বরূপ এবং লেখকের দৃষ্টিভঙ্গি।	রা. বো. ২৫; দি. বো. ২৪; কু. বো. ২৪, ২৩; চ. বো. ২৫, ২২; য. বো. ২৫	৪, ৬, ৭, ৮, ৯, ১৩, ১৭, ২০, ২১
★★	২. বর্ণবাদী সমাজব্যবস্থার স্বরূপ ও দৃষ্টিভঙ্গি।	ঢা. বো. ২৫; ম. বো. ২৫, ২৩; দি. বো. ২৫; য. বো. ২৫, ২৩	২, ৩, ৫, ৭, ১০, ১৪, ১৮, ১৯, ২২
★	৩. রক্ষণশীল সমাজে স্বার্থপর সমাজপতিদের স্বরূপ।	রা. বো. ২৩; সি. বো. ২২; ব. বো. ২২	১, ১১
★★	৪. প্রথাবিরোধী ও সেবাপরায়ণ নারী চরিত্রের স্বরূপ।	ম. বো. ২৩, ২২; রা. বো. ২৫, ২৩; দি. বো. ২৩; সি. বো. ২৩	৪, ১০, ১১, ১২, ১৫, ১৬, ১৯, ২০

অ্যানালাইসিস

- **পাঠ বিশ্লেষণ** | পৃষ্ঠা ১৩৮
  - ✓ অধ্যায়ের শিখনফলের গুরুত্ব নির্ধারণ | পৃষ্ঠা ১৩৮
  - ✓ পাঠ সহায়ক বিষয়বস্তু | পৃষ্ঠা ১৩৮
  - ✓ কুইজের উত্তরমালা | পৃষ্ঠা ১৪১

অ্যাপ্লিকেশন

- **সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন** | পৃষ্ঠা ১৪২
  - ✓ অনুশীলনীর প্রশ্ন ✓ বোর্ড পরীক্ষার প্রশ্ন
  - ✓ শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্ন
  - ✓ মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্ন
- **জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন** | পৃষ্ঠা ১৫৪
- **সৃজনশীল রচনামূলক প্রশ্ন** | পৃষ্ঠা ১৫৯
  - ✓ অনুশীলনীর প্রশ্ন ✓ বোর্ড পরীক্ষার প্রশ্ন
  - ✓ শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্ন
  - ✓ মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্ন

অ্যাসেসমেন্ট

- **নিজেকে যাচাই করি** | পৃষ্ঠা ১৮১
  - ✓ প্রশ্নব্যাংক | পৃষ্ঠা ১৮১
- **অধ্যায়ভিত্তিক মডেল টেস্ট** | পৃষ্ঠা ১৮৩
  - ✓ সৃজনশীল বহুনির্বাচনি অভীক্ষা | পৃষ্ঠা ১৮৩
  - ✓ সৃজনশীল রচনামূলক অভীক্ষা | পৃষ্ঠা ১৮৪

অ্যাপ্লিকেশন অংশ: সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

২৪৯টি বহুনির্বাচনি প্রশ্ন ■ ১৬৩টি সাধারণ ■ ২৯টি বহুপদী সমাপ্তিসূচক ■ ৫৭টি অভিন্ন তথ্যভিত্তিক

বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — নতুন বোর্ড বইয়ের আলোকে

Tutor: বোর্ড বইয়ের এ প্রশ্নগুলো গুরুত্বপূর্ণ তথ্য ও শিখনফলের আলোকে তৈরি। এগুলো থেকে ঘুরিয়ে-ফিরিয়ে যেসব প্রশ্ন হতে পারে সেগুলো কমন পাওয়ার জন্য দেওয়া হয়েছে প্রশ্ন ও উত্তর-সম্পর্কিত আরও তথ্য, যা অনুশীলন করলে সংশ্লিষ্ট যেকোনো প্রশ্নের উত্তর করতে পারবে তুমি।

১. 'ঘন জঙ্গলের পথ'। একটু দেখে পা ফেলে যেয়ো।'— উক্তিটি কার?
ক ন্যাড়ার খ মৃত্যুঞ্জয়ের
গ বিলাসীর ঘ খুড়ার **গ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৩]

প্রশ্ন ও উত্তর সম্পর্কিত আরও তথ্য
- 'বিলাসী' গল্পের কেন্দ্রীয় নারী চরিত্র— বিলাসী।
- বিলাসী প্রশ্নোক্ত কথাটি বলেছে— ন্যাড়াকে।
- 'বিলাসী' গল্পে বিলাসী— সাপুড়ের মেয়ে।
- 'বিলাসী' গল্পের কথক— ন্যাড়া।
- ঘন জঙ্গল পাড়ি দিয়ে ন্যাড়া গিয়েছিল— অসুস্থ মৃত্যুঞ্জয়কে দেখতে।
- মৃত্যুঞ্জয় হলো— বিলাসীর স্বামী।
- মৃত্যুঞ্জয়ের নামে গ্রামে কুৎসা রটাত— তার খুড়া।

২. 'মহত্ত্বের কাহিনি আমাদের অনেক আছে।' এখানে 'মহত্ত্ব' কী অর্থে ব্যবহৃত হয়েছে? *[চ. বো. ২৩; ব. বো. ২২]*
ক ব্যঙ্গার্থে খ প্রশংসার্থে
গ ক্ষোভার্থে ঘ নিন্দার্থে **ক**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

প্রশ্ন ও উত্তর সম্পর্কিত আরও তথ্য
- প্রশ্নোক্ত কথাটি বলেছে— গল্পের কথক ন্যাড়া।
- মহত্ত্বের কথা বলতে বোঝানো হয়েছে— সমাজের নানা কুসংস্কার, অন্ধবিশ্বাস ও সংকীর্ণতার কথা।
- 'মহত্ত্বের কথা' শব্দবন্ধের মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে— রক্ষণশীল সমাজের নিষ্ঠুরতা ও অশুভ চেহারা।

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ সংখ্যক প্রশ্নের উত্তর দাও।
নিলুফা শহরে একটি পোশাক কারখানায় কাজ করেন। তার শহরে কাজ করার বিষয়টি গ্রামের কিছু মানুষ পছন্দ করেন না। ছুটিতে বাড়ি গেলে গ্রামের ওই মানুষগুলো নিলুফার নামে বিচার বসান। তারা নিলুফাকে জোর করে গ্রাম থেকে বের করে দেওয়ার সিদ্ধান্ত নেন। কিন্তু নিলুফা তাতে প্রতিবাদ করেন। অসুস্থ মাকে রেখে তিনি এসময় কিছুতে কোথাও যাবেন না।

৩. অনুচ্ছেদের সঙ্গে 'বিলাসী' গল্পের যে দিকের সাদৃশ্য রয়েছে তা হলো—
i. নারীর প্রতি নির্যাতন
ii. কুসংস্কারাচ্ছন্ন সমাজ
iii. গ্রামীণ বিচার-ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

প্রশ্ন ও উত্তর সম্পর্কিত আরও তথ্য
- 'বিলাসী' গল্পে অনুদার সমাজের নিষ্ঠুরতার শিকার— বিলাসী।
- 'বিলাসী' গল্পে ফুটে উঠেছে— কুসংস্কারাচ্ছন্ন সমাজের চিত্র।
- বিলাসীর উপর নির্যাতনের মধ্য দিয়ে ফুটে উঠেছে— গ্রামবাসীর সংকীর্ণ মানসিকতা ও ধর্মীয় গোঁড়ামির চিত্র।

৪. এই অবস্থা বিবেচনায় নিয়ে বলা যায়, নিলুফা ও বিলাসী উভয়েই—
i. প্রতিবাদী নারীসত্তা
ii. নির্যাতিত নারী
iii. কুসংস্কারের শিকার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

প্রশ্ন ও উত্তর সম্পর্কিত আরও তথ্য
- 'বিলাসী' গল্পের প্রতিবাদী নারী চরিত্র— বিলাসী।
- মৃত্যুঞ্জয়কে বিয়ে করার কারণে বিলাসীকে হতে হয়েছিল— লাঞ্ছিত ও সমাজচ্যুত।
- বিলাসীর আত্মহননের পিছনে পরোক্ষভাবে ক্রিয়াশীল ছিল— কুসংস্কারাচ্ছন্ন সমাজব্যবস্থা।

সকল বোর্ডের এইচএসসি পরীক্ষার প্রশ্ন ও উত্তর — বোর্ড বই ও বোর্ডের সূত্র উল্লেখসহ

Tutor: এখানে বিগত সালের শিখনফল বিশ্লেষণের আলোকে এইচএসসি পরীক্ষার প্রশ্নোত্তর দেওয়া হয়েছে, যাতে তুমি প্রশ্নের গুরুত্ব বুঝে অনুশীলন করতে পারো। প্রতিটি প্রশ্নের সঙ্গে সূত্র হিসেবে রয়েছে বোর্ড বইয়ের পৃষ্ঠা নম্বর, যা দেখে তুমি বোর্ড বই দাগিয়ে নিয়ে লাইনটি আয়ত্ত করতে পারবে।

৫. শরৎচন্দ্রের প্রথম মুদ্রিত রচনা কোনটি? *[রা. বো. ২২]*
ক মন্দির খ চরিত্রহীন
গ দেনা-পাওনা ঘ পল্লি-সমাজ **ক**
[সূত্র: বোর্ড বইয়ের লেখক-পরিচিতি, পৃষ্ঠা-৪১]

৬. মৃত্যুঞ্জয় কোন ক্লাসে পড়ত? *[রা. বো. ২৪; কু. বো. ২৫; ব. বো. ২২]*
ক ফার্স্ট ক্লাস খ সেকেন্ড ক্লাস
গ থার্ড ক্লাস ঘ ফোর্থ ক্লাস **গ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

৭. 'দোকানের খাবার কিনিয়া খাওয়াইতে গ্রামের মধ্যে তাহার জোড়া ছিল না।'— এখানে 'জোড়া' শব্দটি কী বোঝাতে ব্যবহৃত হয়েছে? *[দি. বো. ২৪]*
ক অভাব খ সুনাম গ দুর্নাম ঘ বিকল্প **ঘ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

৮. 'গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের ছিল এমনি সুনাম।' 'সুনাম' কথাটা কোন অর্থে ব্যবহৃত হয়েছে? *[রা. বো. ২২]*
ক সুনাম খ অপমান গ কুখ্যাতি ঘ দুর্নাম **ঘ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

৯. 'বিলাসী' গল্পে কে মৃত্যুঞ্জয়ের চিকিৎসা করে? *[দি. বো. ২৩]*
ক বিষহরি খ ন্যাড়া
গ জ্ঞাতি খুড়া ঘ বুড়ো মালো **ঘ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

১০. বলিলাম, 'পৌঁছে দিতে হবে না, শুধু আলোটা দাও।'— উক্তিটিতে ন্যাড়ার যে মনোভাব প্রকাশ পেয়েছে— *[ব. বো. ২৩]*
ক ভীরুতা খ সাহসিকতা
গ আত্মসম্মানবোধ ঘ আশঙ্কা **গ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৩]

১১. 'যে বস্তুটি এই অসাধ্য সাধন করিয়া তুলিয়াছিল তাহার পরিচয় যদিও সেদিন পাই নাই, কিন্তু আর একদিন পাইয়াছিলাম।'— এখানে 'বস্তুটি বলতে 'বিলাসী' গল্পে কী বোঝানো হয়েছে? *[কু. বো. ২২]*
ক মানবতা খ প্রেম
গ লৌকিকতা ঘ সম্পদের লোভ **খ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৩]

১২. 'ইহা আর একটি শক্তি।'— উক্তিটিতে কোন শক্তির কথা বলা হয়েছে? [য. বো. ২৩]
ক ভালোবাসা খ বিধি-ব্যবস্থা
গ বংশ মর্যাদা ঘ বিষহরির আজ্ঞা (ক)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

১৩. মৃত্যুঞ্জয়ের 'অমার্জনীয় অপরাধ' বলতে বোঝানো হয়েছে— [দি. বো. ২৩]
ক বিলাসীকে বিয়ে করা খ সাপুড়ে হয়ে যাওয়া
গ বিলাসীর হাতে ভাত খাওয়া ঘ খুড়াকে বাগানের অংশ না দেওয়া (গ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

১৪. মৃত্যুঞ্জয়ের প্রতি খুড়ার অমানবিক আচরণের মূল কারণ— [য. বো. ২৩]
ক স্বার্থসিদ্ধি খ ধর্মীয় গোঁড়ামি
গ অজ্ঞতা ঘ হিংসা (ক)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

১৫. 'বাবুরা, আমাকে একটিবার ছেড়ে দাও'— বিলাসী কেন একথা বলেছিল? [ঢা. বো. ২৫]
ক প্রহারের ভয়ে খ মৃত্যুঞ্জয়কে দেখতে
গ রুটিগুলো ঘরে দেওয়ার জন্য ঘ ন্যাড়াকে দেখতে চেয়ে (গ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

১৬. 'রোগা মানুষ সমস্ত রাত খেতে পারবে না'— এখানে কোন খাবারের কথা বলা হয়েছে? [ব. বো. ২৩]
ক লুচি খ অন্ন গ রুটি ঘ সন্দেশ (গ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

গ্রামের লোকেরা যখন বিলাসীকে শারীরিকভাবে আঘাত করে গ্রামছাড়া করছিল তখন মার খেয়েও সে অনুরোধ করছিল তাকে যেন অন্তত একবারের জন্য হলেও ছেড়ে দেওয়া হয়। সে রুটিগুলো ঘরে দিয়ে আসবে। কেননা রুটিগুলো ঘরে না দিলে অসুস্থ মৃত্যুঞ্জয় সারারাত না খেয়ে থাকবে।

Tutor উপরের চিহ্নটি দিয়ে সংশ্লিষ্ট প্রশ্নটির উত্তরের ব্যাখ্যা দেওয়া হয়েছে। কঠিন প্রশ্নগুলো ভালোভাবে বুঝে নিতে এ ব্যাখ্যা তোমাকে সাহায্য করবে।

১৭. 'আর কায়েতের ছেলের সঙ্গে সাপুড়ের মেয়ের নিকা।'— এটা কেমন কথা? [ব. বো. ২৪]
ক বেদনার কথা খ হাসিয়া উড়াইবার কথা
গ বলিয়া বেড়ানোর কথা ঘ আনন্দ করার কথা (খ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

১৮. 'বিলাসী' গল্পে ছোটোবাবু কর্তৃক বিধবা বউদিকে কাশী হতে ফিরিয়ে আনার কারণ কী? [রা. বো. ২৫]
ক সমাজ রক্ষা খ সম্পত্তি লাভ
গ দায়িত্ব পালন ঘ পিতার নির্দেশ (খ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

১৯. 'বিলাসী' গল্পে কাকে গালিগালাজ করে দেশ উদ্ধারের কথা বলা হয়েছে? [কু. বো. ২২]
ক সরকারকে খ ব্রাহ্মণকে
গ ইংরেজকে ঘ ক্ষত্রিয়কে (গ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

২০. 'সে সব মনে পড়িলে আমার আজও গা কাঁপে'— ন্যাড়ার কী মনে পড়ে? [রা. বো. ২৫]
ক বিলাসীকে গ্রামছাড়া করা খ নির্ভয়ে সাপ ধরা
গ বিলাসীর দুঃসাহস ঘ মৃত্যুঞ্জয়ের মৃত্যুর দৃশ্য (খ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৭]

২১. 'মাঝেমধ্যে গুরু শিষ্যের সহিত বিলাসী তর্ক করিত' কী বিষয়ে? [ম. বো. ২৩]
ক বিষ সংগ্রহ খ বিষদাঁত ভাঙা
গ সাপধরা ঘ শিকড় বিক্রি (ঘ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৭]

২২. 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয় সাপুড়ে জীবন গ্রহণ করল কেন? [কু. বো. ২৫]
ক সহজেই সাপ ধরতে পারত বলে
খ সাপ ধরা তার শখ ছিল বলে
গ বিলাসীকে ভালোবেসে বিয়ের কারণে
ঘ গ্রামছাড়া হওয়ায় জীবিকার প্রয়োজনে (গ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৯]

২৩. 'মৃত্যুঞ্জয় থার্ড ক্লাসে পড়িত।'— তৎকালীন থার্ড ক্লাস বর্তমান কোন শ্রেণি? [ম. বো. ২৪]
ক সপ্তম খ অষ্টম গ নবম ঘ দশম (খ)
[সূত্র: বোর্ড বইয়ের শব্দার্থ ও টীকা, পৃষ্ঠা-৫০]

২৪. 'ওপরের আদালতের হুকুম' বলতে কার নির্দেশ বোঝানো হয়েছে? [ম. বো. ২২]
ক স্রষ্টার খ হাইকোর্টের
গ জজকোর্টের ঘ খুড়ার (ক)
[সূত্র: বোর্ড বইয়ের শব্দার্থ ও টীকা, পৃষ্ঠা-৫০]

২৫. 'বিলাসী' গল্পের সমাজ চিত্রে প্রধানত কোন দিকটি ফুটে উঠেছে? [রা. বো. ২৪]
ক জাতিভেদ প্রথা খ পরশ্রীকাতরতা
গ নিষ্ঠুরতা ঘ অকৃতজ্ঞতা (ক)
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

২৬. 'বিলাসী' গল্পে বিলাসী কীসের প্রতীক? [ম. বো. ২৩]
ক প্রেমনিষ্ঠার খ বিনয়ের
গ কুণ্ঠার ঘ সাহসিকতার (ক)
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

২৭. 'বিলাসী' নামকরণের পিছনে নিম্নের কোন বিষয়টি প্রাধান্য পেয়েছে? [কু. বো. ২৪]
ক কেন্দ্রীয় চরিত্র খ বিষয়বস্তু
গ পটভূমি ঘ সমাজব্যবস্থা (ক)
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

২৮. 'বিলাসী' গল্পটি প্রথমে কোন পত্রিকায় প্রকাশিত হয়? [দি. বো. ২৩; কু. বো. ২৩]
ক সওগাত খ ভারতী গ মোহাম্মদী ঘ পূর্বাশা (খ)
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

শরৎচন্দ্রের 'বিলাসী' গল্পটি ১৩২৫ বঙ্গাব্দের (১৯১৮ খ্রিষ্টাব্দ) বৈশাখ সংখ্যায় 'ভারতী' পত্রিকায় প্রকাশিত হয়।

২৯. 'বাবুরা, আমাকে একটিবার ছেড়ে দাও আমি রুটিগুলো ঘরে দিয়ে আসি।'— বিলাসী এ কথা কেন বলেছিল? [ম. বো. ২২]
i. শিয়াল কুকুরে খেয়ে যাবে
ii. রোগা মানুষ সমস্ত রাত খেতে পাবে না
iii. মৃত্যুঞ্জয় মরে যাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii (ক)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

৩০. বিলাসীর আত্মহত্যার কারণ— [ঢা. বো. ২৪]
i. স্বামীর শোক
ii. ভালোবাসা জীবন্ত রাখা
iii. নিষ্ঠুর সমাজব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii (গ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৩১. বিলাসীর করুণ পরিণতির জন্য দায়ী— [দি. বো. ২৫]
i. তৎকালীন রক্ষণশীল হিন্দু সমাজব্যবস্থা
ii. মৃত্যুঞ্জয়ের জ্ঞাতি খুড়ার ষড়যন্ত্র
iii. মৃত্যুঞ্জয়ের সাপুড়ে হওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii (ক)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

নিচের উদ্দীপকটি পড়ে ৩২ ও ৩৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত মুমূর্ষু হাসানকে রক্ত দেয় জেলেপল্লির হরিশংকর। হাসানের বাবা এতে রেগে যান। [চ. বো. ২৪]

৩২. উদ্দীপকের হরিশংকর 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়?
ক মৃত্যুঞ্জয় খ ন্যাড়া গ বিলাসী ঘ খুড়া (গ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

৩৩. উদ্দীপকে 'বিলাসী' গল্পের কোন সমাজবাস্তবতা প্রতিফলিত হয়েছে?
ক রক্ষণশীলতা খ কুসংস্কার
গ শ্রেণিবৈষম্য ঘ জাতিভেদ (ঘ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

নিচের উদ্দীপকটি পড়ে ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
জেলেকন্যা রাশমণিকে ভালোবেসে বিয়ে করে পিতৃমাতৃহীন ব্রাহ্মণ যুবক সৌরভ। নিম্নজাতের মেয়েকে বিয়ে করার অপরাধে সৌরভের আত্মীয়স্বজন তাকে গ্রাম ছেড়ে চলে যেতে বাধ্য করে। [চ. বো. ২৫]

৩৪. উদ্দীপকের সৌরভের সঙ্গে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য আছে?
ক ন্যাড়া খ মৃত্যুঞ্জয় গ ছোটোবাবু ঘ খুড়া (খ)
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

গদ্য

৩৫. উদ্দীপকের সৌরভকে গ্রাম ছেড়ে চলে যেতে বাধ্য করা 'বিলাসী' গল্পের সমাজব্যবস্থার কোন দিকটিকে প্রকাশ করে?
ক দারিদ্র্য খ কুসংস্কার গ অনুদারতা ঘ নিষ্ঠুরতা — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

নিচের উদ্দীপকটি পড়ে ৩৬ ও ৩৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:
বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র শোভন গাঙ্গুলী তার গ্রামের মানুষের কল্যাণের জন্য তৈরি করেছে বিভিন্ন সামাজিক সংগঠন। কিন্তু নিচু জাতের মেয়েকে বিয়ে করেছে বলে এখন সে নিজেই সমাজচ্যুত। [দি. বো. ২২]

৩৬. উদ্দীপকের শোভনের মতো 'বিলাসী গল্পের কোন চরিত্রটি একই পরিস্থিতির শিকার?
ক খুড়া খ ন্যাড়া গ বিলাসী ঘ মৃত্যুঞ্জয় — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

৩৭. উদ্দীপকে 'বিলাসী' গল্পের কোন সামাজিক দিক লক্ষণীয়?
ক বর্ণপ্রথা খ নিষ্ঠুরতা গ ব্রাহ্মণ্যবাদ ঘ শ্রেণি বৈষম্য — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

নিচের উদ্দীপকটি পড়ে ৩৮ ও ৩৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
প্রবাসী আমানুল দেশে এসে পাশের বাড়ির নিশিকে বিয়ে করতে চায়। কিন্তু আমানুলের বাবা জানান, নিচু বংশের মেয়ে নিশিকে পত্রবধূ করলে তিনি আর গ্রামের মানুষের কাছে মুখ দেখাতে পারবে না। [সি. বো. ২৫]

৩৮. উদ্দীপকের আমানুলের বাবা চরিত্রে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের মনোভাবের ছায়াপাত ঘটেছে?
ক ছোটোবাবু খ ন্যাড়া
গ খুড়া ঘ মুখোপাধ্যায় — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

৩৯. উদ্দীপকে 'বিলাসী' গল্পের যে দিকটি প্রতিফলিত হয়েছে—
i. অনুদারতা
ii. শ্রেণিবৈষম্য
iii. কুসংস্কার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

নিচের উদ্দীপকটি পড়ে ৪০ ও ৪১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
শহরে জরুরি কাজে এসেছে প্রীতিময় চাকমা। সকাল থেকে ঘোরাঘুরি করে ক্ষুধার্ত হয়ে খাবার চাইলে হোটেল মালিক বলল, 'আদিবাসীদের জন্য দুইনম্বর বাসন আমার হোটেলে রাখি না।' [য. বো. ২২]

৪০. প্রীতিময় চাকমার সঙ্গে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?
ক মৃত্যুঞ্জয়ের খ ন্যাড়ার
গ বিলাসীর ঘ খুড়ার — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

৪১. প্রীতিময় চাকমার প্রতি হোটেল মালিকের মনোভাব 'বিলাসী' গল্পের যে প্রসঙ্গের সঙ্গে সংগতিপূর্ণ, তা হলো—
i. সংকীর্ণতা
ii. ব্রাহ্মণ্যবাদ
iii. অস্পৃশ্যতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

নিচের উদ্দীপকটি পড়ে ৪২ ও ৪৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
ব্রাহ্মণের শিক্ষিত ছেলে সমীর ভালোবেসে বিয়ে করে গ্রামের জেলে সম্প্রদায়ের শিক্ষিত মেয়ে নীলিমাকে। রাশভারী বাবা উপেন্দ্রনাথ তাতে রাজি না হয়ে সমীরকে সম্পত্তি থেকে বঞ্চিত করে। সমীর ও নীলিমা আত্মনির্ভরশীল হয়ে এখন সুখে আছে। [সি. বো. ২২]

৪২. উদ্দীপকের সমীর চরিত্রের সঙ্গে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?
ক ন্যাড়া খ খুড়া গ মৃত্যুঞ্জয় ঘ ছোটোবাবু — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

৪৩. উদ্দীপকের উপেন্দ্রনাথ চরিত্রের মধ্যে 'বিলাসী' গল্পের যে সামাজিক সমস্যাটি নিহিত তা হলো—
ক অশিক্ষা খ শ্রেণিবৈষম্য গ নিষ্ঠুরতা ঘ অসমতা — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

নিচের উদ্দীপকটি পড়ে ৪৪ ও ৪৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
তিন্নি তথাকথিত নিম্নবর্ণের মেয়ে। সে কর্মনিপুণ, বুদ্ধিমতী এবং সেবাব্রতী। সে কারণে বিশু তাকে বিয়ে করেছে। কিন্তু নিম্নবর্ণের হওয়ায় বিশুর পরিবার তিন্নিকে মেনে নেয়নি। [রা. বো. ২৩]

৪৪. উদ্দীপকে 'বিলাসী' গল্পের যে দিকটি ফুটে উঠেছে—
ক জাতিভেদ খ কুসংস্কার গ শ্রেণিভেদ ঘ ধর্মবৈষম্য — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

৪৫. উদ্দীপকে 'তিন্নি' চরিত্রের যে সব বৈশিষ্ট্য 'বিলাসী' গল্পে পাওয়া যায় 'বিলাসী' চরিত্রের মধ্যে—
i. কর্মনিপুণ
ii. সৌন্দর্যের অহংকার
iii. সেবাব্রতী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

নিচের উদ্দীপকটি পড়ে ৪৬ ও ৪৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:
উচ্চবংশীয় শিক্ষিত যুবক নীলাদ্রী ভালোবেসে বিয়ে করে নিচু বংশজাত মেয়ে শোভনাকে। রাসভারী বাবা ভূপেন্দ্রনাথ এ বিয়ে মেনে নেয়নি বরং নীলাদ্রীকে সম্পত্তি থেকে বঞ্চিত করেছে। [দি. বো. ২৩]

৪৬. উদ্দীপকের ভূপেন্দ্রনাথের সঙ্গে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?
ক ন্যাড়া খ খুড়া গ মৃত্যুঞ্জয় ঘ বুড়ো মালো — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

৪৭. উদ্দীপকে এবং 'বিলাসী' গল্পে কোন সামাজিক সমস্যা নিহিত রয়েছে?
ক কুসংস্কার খ শ্রেণিবৈষম্য গ বর্ণবৈষম্য ঘ স্বার্থপরতা — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

নিচের উদ্দীপকটি পড়ে ৪৮ ও ৪৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
খেলার মাঠে মারামারির সময় ইন্দ্রনাথ শ্রীকান্তকে গণপিটুনির হাত থেকে রক্ষা করে। সেই থেকে অনাত্মীয়, দুঃসাহসী ও হৃদয়বান ইন্দ্রনাথের সাথে শ্রীকান্তের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। পরবর্তীকালে ইন্দ্রের অনেক দুঃসাহসী কর্মের সঙ্গী হয় শ্রীকান্ত। [য. বো. ২৪]

৪৮. উদ্দীপকের খেলার মাঠের ঘটনাটি 'বিলাসী' গল্পের কোন বিষয়ের সাথে তুলনীয়?
ক গ্রামের ছেলেমেয়েদের রূঢ় জীবন
খ ন্যাড়া কর্তৃক বিলাসীকে রক্ষার চেষ্টা
গ সেবাপরায়ণ বিলাসীর উদার হৃদয়
ঘ মৃত্যুঞ্জয়কে বাঁচানোর ব্যর্থ চেষ্টা — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

৪৯. উক্ত তুলনার কারণ কী?
i. পরস্পর অনাত্মীয়
ii. হৃদয়ের ঐশ্বর্য
iii. দুঃসাহসী কাজের সঙ্গী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

নিচের উদ্দীপকটি পড়ে ৫০ ও ৫১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
প্রেমিক আশিকুরের ভালোবাসার টানে মালয়েশিয়া থেকে ছুটে এসেছেন অভিজাত বংশের কন্যা ফাতেমা বিনতে আব্দুর রহমান। তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হন। বিয়ের পর স্ত্রীকে বাড়িতে সসম্মানে নিয়ে গেছেন তিনি। এখন তারা আটপৌরে জীবনযাপন করছেন। [ঢা. বো. ২৩]

৫০. উদ্দীপকে ফাতেমা বিনতে আব্দুর রহমান কাকে প্রতিনিধিত্ব করে?
ক মৃত্যুঞ্জয় খ কল্যাণী গ আহ্লাদি ঘ বিলাসী — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

৫১. উদ্দীপকে 'বিলাসী' গল্পের কোন সমাজবাস্তবতা প্রতিফলিত হয়েছে?
ক বর্ণবৈষম্য খ রক্ষণশীলতা গ জাতিভেদ ঘ কুসংস্কার — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

নিচের উদ্দীপকটি পড়ে ৫২ ও ৫৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মিরন একজন মিষ্টির দোকানদার। বেশি লাভের আশায় ওজন বাড়ানোর জন্য সে মোটা কাগজের প্যাকেট ব্যবহার করে। তার স্ত্রী মিতু বলে, 'মানুষ ঠকিয়ে লাভ কী?' [য. বো. ২৫]

৫২. উদ্দীপকের মিতু চরিত্রের সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?
ক মৃত্যুঞ্জয় খ বিলাসী গ খুড়া ঘ ন্যাড়া — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৭]

৫৩. উক্ত সাদৃশ্যের কারণ—
i. ঘরে পর্যাপ্ত খাবার ছিল
ii. পেশাটি ছিল ঝুঁকিপূর্ণ
iii. সৎভাবে বাঁচার আকাঙ্ক্ষা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৭]

নিচের উদ্দীপকটি পড়ে ৫৪ ও ৫৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মরণরে তুঁহু মম শ্যাম সমান। *[ঢা. বো. ২২]*

৫৪. উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ চরিত্র কোনটি?
(ক) মৃত্যুঞ্জয় (খ) বিলাসী
(গ) ন্যাড়া (ঘ) ন্যাড়ার আত্মীয়া **[খ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৫৫. উক্ত চরিত্রের স্বেচ্ছায় মৃত্যুকে আলিঙ্গনের প্রকৃত কারণ কোনটি?
(ক) ধর্ম (খ) সমাজ
(গ) প্রেম (ঘ) ঘৃণা **[গ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

নিচের উদ্দীপকটি পড়ে ৫৬ ও ৫৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:
নার্গিস বিদেশে গৃহকর্মীর কাজ করে। বিদেশে কাজ করার বিষয়টি তার এলাকার মানুষ পছন্দ করে না। তিন বছর পর নার্গিস বাড়ি ফিরে এলে গ্রামবাসী তার নামে বিচার বসায় এবং তাকে গ্রামছাড়া করার সিদ্ধান্ত নেয়। নার্গিস প্রতিবাদী কণ্ঠে বলে 'অসুস্থ মাকে রেখে কিছুতেই আমি কোথাও যাব না।' *[চ. বো. ২৩]*

৫৬. উদ্দীপকের সঙ্গে 'বিলাসী' গল্পের যে বিষয়ের সাদৃশ্য রয়েছে—
i. নারীর প্রতি নির্যাতন
ii. কুসংস্কারাচ্ছন্ন সমাজ
iii. গ্রামীণ বিচারব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii **[ক]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৯]

৫৭. উদ্দীপকের বিষয়টি বিবেচনায় নার্গিস ও বিলাসী উভয়ই কেমন প্রকৃতির নারী?
(ক) প্রতিবাদহীন (খ) প্রতিবাদী
(গ) আত্মকেন্দ্রিক (ঘ) কুসংস্কার পন্থী **[খ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৯]

নিচের উদ্দীপকটি পড়ে ৫৮ ও ৫৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মধ্যযুগের জনপ্রিয় সাহিত্য মহুয়া পালা'র নায়ক-নায়িকা যথাক্রমে নদের চাঁদ ও মহুয়া। কাহিনির পরিণতিতে খল চরিত্র হোমরা বেদে নদের চাঁদকে হত্যার জন্য বিষলক্ষার ছুরি তুলে দেয় মহুয়ার হাতে। মহুয়া ছুরিটি নদের চাঁদের বুকে না চালিয়ে নিজের বুকে চালিয়ে মৃত্যুকে বরণ করে নেয়। মহুয়ার এই বলিদানেই তাদের প্রেম অমরত্ব লাভ করেছে। *[ব. বো. ২৩]*

৫৮. উদ্দীপকে 'বিলাসী' গল্পে চেতনাগত কোন দিকটির ইঙ্গিত করা হয়েছে?
(ক) শুভ চেতনা (খ) উদারতা
(গ) রক্ষণশীলতা (ঘ) নিষ্ঠুরতা **[ঘ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৯]

৫৯. অনুচ্ছেদের সাথে 'বিলাসী' গল্পের যে দিকটির সাদৃশ্য রয়েছে তা হলো—
i. নারীর প্রতি অবমাননা
ii. কুসংস্কার
iii. নারী নির্যাতন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii **[খ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৯]

শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্ন ও উত্তর — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক সংকলিত

Tutor
এখানে বিষয়বস্তুর ধারাবাহিকতায় শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর দেওয়া হয়েছে। মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক সংকলিত এ প্রশ্নগুলোতে বোর্ড বইয়ের পৃষ্ঠা ও কলেজের সূত্র উল্লেখ করা হয়েছে। এগুলোর অনুশীলন তোমাকে পরীক্ষার উপযোগী প্রশ্ন সম্পর্কে ধারণা দেবে।

৬০. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম গল্পের নাম কী?
[বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ; বিএফ শাহীন কলেজ, চট্টগ্রাম]
(ক) মন্দির (খ) বিলাসী (গ) দেনাপাওনা (ঘ) মহেশ **[ক]**
[সূত্র: বোর্ড বইয়ের লেখক-পরিচিতি, পৃষ্ঠা-৪১]

৬১. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কত সালে ডিলিট ডিগ্রি লাভ করেন?
[সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর]
(ক) ১৯২৩ সালে (খ) ১৯৩৩ সালে
(গ) ১৯৩৬ সালে (ঘ) ১৯৪৬ সালে **[গ]**
[সূত্র: বোর্ড বইয়ের লেখক-পরিচিতি, পৃষ্ঠা-৪১]

৬২. কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস? *[কক্সবাজার সিটি কলেজ]*
(ক) ঘরে বাইরে (খ) চোখের বালি
(গ) রাজসিংহ (ঘ) শ্রীকান্ত **[ঘ]**
[সূত্র: বোর্ড বইয়ের লেখক-পরিচিতি, পৃষ্ঠা-৪১]

৬৩. ন্যাড়ার স্কুল যাতায়াতের পথ কত ক্রোশ দূরে? *[বেপজা পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা; বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা ঝালকাঠি সরকারি কলেজ]*
(ক) এক ক্রোশ (খ) দুই ক্রোশ
(গ) তিন ক্রোশ (ঘ) চার ক্রোশ **[খ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪১]

৬৪. 'ম্যালেরিয়ার কথাটি না হয় নাই পড়িলাম।'— উক্তিটি কোন রচনার অন্তর্গত? *[ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]*
(ক) অপরিচিতা (খ) বিলাসী
(গ) মানব-কল্যাণ (ঘ) মাসি-পিসি **[খ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪১]

৬৫. 'কামস্কাটকার রাজধানী কোথায়?'— এখানে 'কামস্কাটকা'-এর প্রকৃত বানান কোনটি? *[হলি ক্রস কলেজ, ঢাকা]*
(ক) কাম্সকাটকা (খ) কামচাটকা
(গ) কামকাটকা (ঘ) কামৃকাটকা **[ক]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪১]

৬৬. 'বিলাসী' গল্পে স্কুলে যাওয়ার দুই ক্রোশের মধ্যে এমন আরও কয়টি গ্রাম পার হতে হয়? *[বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা]*
(ক) তিনটি (খ) চারটি (গ) পাঁচটি (ঘ) সাতটি **[ক]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪১]

৬৭. ন্যাড়া পরীক্ষার উত্তরপত্রে হুমায়ুনের পিতার নাম কী লেখে?
[বরিশাল ক্যাডেট কলেজ]
(ক) বাবর খাঁ (খ) হালাকু খাঁ
(গ) চেঙ্গিস খাঁ (ঘ) তোগলক খাঁ **[ঘ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

৬৮. হিন্দুধর্মের বিভিন্ন জাতির মধ্যে কোনটি উচ্চশ্রেণির জাতি?
[রাশিদাজ্জোহা সরকারি মহিলা কলেজ, সিরাজগঞ্জ]
(ক) ব্রাহ্মণ (খ) ক্ষত্রিয় (গ) বৈশ্য (ঘ) শূদ্র **[ক]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

৬৯. মৃত্যুঞ্জয়ের কত বিঘা জমি ছিল? *[বান্দরবান ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ]*
(ক) বারো-তেরো (খ) দশ-বারো
(গ) পনেরো-কুড়ি (ঘ) কুড়ি-পঁচিশ **[ঘ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

৭০. 'বিলাসী' গল্পে কে মৃত্যুঞ্জয়ের চিকিৎসা করে? *[দিনাজপুর সরকারি মহিলা কলেজ]*
(ক) বিষহরি (খ) ন্যাড়া
(গ) জ্ঞাতি খুড়া (ঘ) বুড়ো মালো **[ঘ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

৭১. 'ঠিক যেন ফুলদানিতে জল দিয়া ভিজাইয়া রাখা বনফুলের মতো'— এখানে কার কথা বলা হয়েছে? *[হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম; সিলেট সরকারি কলেজ]*
(ক) মৃত্যুঞ্জয় (খ) ন্যাড়া (গ) বিলাসী (ঘ) খুড়া **[গ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৩]

৭২. মৃত্যুঞ্জয়কে সেবা-যত্ন করে যমের মুখ থেকে ফিরিয়ে এনেছে কে?
[সিলেট সরকারি কলেজ]
(ক) বিলাসী (খ) খুড়া
(গ) ন্যাড়া (ঘ) বুড়ো মালো **[ক]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৩]

৭৩. 'সে কত বড় সাহসের কাজ' কোন প্রসঙ্গে 'বিলাসী' গল্পে এ কথাটি বলা হয়েছে? *[রাজশাহী ক্যাডেট কলেজ]*
(ক) শয্যাগত মৃত্যুঞ্জয়কে সুস্থ করার প্রয়াস
(খ) বিষহরির দোহাই খাটানো
(গ) সাপের দোহাই খাটানো
(ঘ) চৌদ্দ পুরুষের জাত বিসর্জন দেওয়া **[ক]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৩]

৭৪. 'একলা যেতে ভয় করবে না তো?'— উক্তিটি কার?
[বেপজা পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা]
(ক) ন্যাড়া (খ) বিলাসী
(গ) মৃত্যুঞ্জয় (ঘ) বুড়ো মালো **[খ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৩]

৭৫. মৃত্যুঞ্জয় শয্যাগত প্রায় কত দিন? *[গাজীপুর ক্যান্টনমেন্ট কলেজ]*
(ক) এক মাস (খ) দেড় মাস
(গ) আড়াই মাস (ঘ) দুই মাস **[খ]**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৩]

৭৬. মৃত্যুঞ্জয়ের বাগানের অর্ধেক অংশ কে নিজের বলে দাবি করত? [রাশিদাজ্জোহা সরকারি মহিলা কলেজ, সিরাজগঞ্জ]
ক খুড়া খ ন্যাড়া গ সাপুড়ে ঘ ভূদেববাবু — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৩]

৭৭. 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয়ের বিলাসীর হাতে ভাত খেয়ে অন্নপাপ করার বিষয়টি সমাজে কী হিসেবে প্রচলিত? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর]
ক ধর্মীয় অনুশাসন খ সামাজিক রীতি
গ ধর্মীয় কুসংস্কার ঘ প্রায়শ্চিত্তহীন পাপ — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

৭৮. 'নিকা' শব্দটি 'বিলাসী' গল্পে কী অর্থে ব্যবহৃত হয়েছে? [কক্সবাজার সরকারি মহিলা কলেজ]
ক ব্যঙ্গ অর্থে খ বিদ্রুপ অর্থে
গ তাচ্ছিল্য অর্থে ঘ বিয়ে অর্থে — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

৭৯. 'বিলাসী' গল্পের ছোটোবাবু বারোয়ারি পূজায় কত টাকা দান করেন? [ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম]
ক চারশো টাকা খ দুইশো টাকা
গ তিনশো টাকা ঘ একশ টাকা — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

৮০. 'বাবুরা, আমাকে একটিবার ছেড়ে দাও আমি বুটিগুলো ঘরে দিয়ে আসি।'— উক্তিটির মধ্য দিয়ে বিলাসীর চারিত্রিক যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে— [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]
ক মৃত্যুঞ্জয়ের প্রতি ভালোবাসা খ মৃত্যুঞ্জয়ের প্রতি দায়িত্ববোধ
গ প্রতিবাদী মানসিকতা ঘ মানবতা — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

৮১. 'অসাধ্য সাধন' শব্দটির প্রয়োগে লেখক কোন দিকটির প্রতিফলন করতে চেয়েছেন? [হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]
ক বিলাসীর সাহসিকতা খ বিলাসী-মৃত্যুঞ্জয়ের পরিণয়
গ বিলাসীর মানসিক সেবাধর্মিতা ঘ মৃত্যুঞ্জয়ের জাত বিসর্জন — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

৮২. মৃত্যুঞ্জয়ের 'অন্নপাপ'-এর মধ্যে খুড়া কোনটি খুঁজে পেয়েছে? [বিএএফ শাহীন কলেজ, যশোর]
ক স্বার্থসিদ্ধির বিশাল সম্ভাবনা খ ধর্মীয় বিধিবিধান অমান্য
গ সামাজিক মূল্যবোধের অবক্ষয় ঘ পারিবারিক মূল্যবোধের অবক্ষয় — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

৮৩. 'আমি তার গায়ে হাত দিতে পারি নাই'— না পারার কারণ— [বিএএফ শাহীন কলেজ, যশোর]
ক শক্তিহীন বলে খ পাপকাজ বলে
গ বিবেকবোধে ঘ নিষেধাজ্ঞায় — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

৮৪. আবুল হোসেন সচ্ছল হওয়া সত্ত্বেও নিতান্ত খেয়ালের বশে অত্যন্ত ঝুঁকিপূর্ণ একটি পেশা বেছে নেয়, যা তার জীবননাশের কারণ হয়। উদ্দীপকের আবুল 'বিলাসী' গল্পের কোন চরিত্রকে মনে করিয়ে দেয়? [ঝালকাঠি সরকারি কলেজ]
ক বিলাসী খ বিলাসীর বাবা
গ ন্যাড়া ঘ মৃত্যুঞ্জয় — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

৮৫. 'পল্লিগ্রামের পুরুষদের সুখ্যাতিতে'— বাক্যাংশটিতে 'সুখ্যাতি' বলতে কী বোঝানো হয়েছে? [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম]
ক ব্যঙ্গ করে নিন্দা খ প্রশংসা করে গুণকীর্তন
গ উপহাস করে প্রশংসা ঘ তাচ্ছিল্য করে প্রশংসা — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

৮৬. 'বিলাসী' গল্পে সাপে কামড়ানোর কত মিনিট পরে মৃত্যুঞ্জয় বমি করল? [বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা]
ক দশ-বারো মিনিট খ পনেরো-ষোলো মিনিট
গ ষোলো-সতেরো মিনিট ঘ পনেরো-কুড়ি মিনিট — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৮৭. মৃত্যুঞ্জয়ের মৃত্যুর পরে বিলাসী কতদিন বেঁচে ছিল? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক দশ দিন খ নয় দিন
গ সাত দিন ঘ আট দিন — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৮৮. মৃত্যুঞ্জয় কোথায় সাপ ধরতে গিয়ে মৃত্যুবরণ করে? [বিসিআইসি কলেজ, ঢাকা]
ক গোয়ালা বাড়ি খ ঠাকুর বাড়ি
গ ডোম পাড়া ঘ মাল্লো পাড়া — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৮৯. খুড়ার মতে মৃত্যুঞ্জয়ের সব চেয়ে বড়ো পাপ হলো— [ঢাকা ইমপিরিয়াল কলেজ]
ক বিলাসীকে বিয়ে করা খ বিলাসীর হাতে ভাত খাওয়া
গ কায়স্থ জাত বিসর্জন দেওয়া ঘ গ্রাম ছেড়ে মাল্লো পাড়ায় ওঠা — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৯০. 'সাপের বিষ যে বাঙালির বিষ নয় তা আমি বুঝিয়াছিলাম।'— লেখকের এ মন্তব্যের কারণ কোনটি? [গাজীপুর ক্যান্টনমেন্ট কলেজ]
ক বাঙালির বিদ্বেষী মনোভাব খ বাঙালির পরশ্রীকাতরতা
গ বাঙালির ক্ষণিকের উত্তেজনা ঘ বাঙালির সাপ ধরার দক্ষতা — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৯১. 'বিষহরির আজ্ঞা' কী? [নেত্রকোণা সরকারি কলেজ]
ক মন্ত্র খ বাণী
গ ধুয়া ঘ পুঁথি — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৯২. বিলাসীর আত্মহত্যার কারণ কী ছিল? [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম]
ক স্বামীর মৃত্যু খ মানসিক অসুস্থতা
গ সামাজিক অবমাননার ভয় ঘ সহমরণের অভিপ্রায় — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৯৩. 'বিষহরির দোহাই বুঝি আর খাটে না'— এটি কখন বোঝা গেল? [ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]
ক বিলাসীর আত্মহত্যায় খ বিলাসী বমি করলে
গ মৃত্যুঞ্জয়কে সাপে কামড় দিলে ঘ মৃত্যুঞ্জয় বমি করলে — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৯৪. 'বিলাসী' গল্পানুসারে 'বাঙালির বিষ' কেমন? [বিএএফ শাহীন কলেজ, যশোর]
ক মর্মান্তিক খ চিরস্থায়ী
গ ক্ষণস্থায়ী ঘ প্রশান্তিময় — গ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৮]

৯৫. 'বিলাসী' গল্পে 'বাঙালির বিষ' বলতে বোঝানো হয়েছে— [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক কঠিন প্রতিশোধস্পৃহা খ জীবনঘাতী বিষক্রিয়া
গ অনিঃশেষ বিদ্বেষ ঘ ক্ষণস্থায়ী ক্রোধ — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের শব্দার্থ ও টীকা, পৃষ্ঠা-৫২]

৯৬. 'বিলাসী' গল্পে 'মন্ত্রের দ্রষ্টা' বলতে বোঝানো হয়েছে— [রাজশাহী ক্যাডেট কলেজ]
ক যিনি সিদ্ধি অর্জন করেন খ যিনি প্রথম মন্ত্র লাভ করেন
গ যিনি প্রথম মন্ত্র প্রয়োগ করেন ঘ যিনি সিদ্ধি লাভে অভিজ্ঞ — খ
[সূত্র: বোর্ড বইয়ের শব্দার্থ ও টীকা, পৃষ্ঠা-৫২]

৯৭. 'বিলাসী' গল্পে কোন সমাজের কথা বলা হয়েছে? [বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা]
ক মুসলমান সমাজের কথা
খ গোড়াপন্থি মুসলমান সমাজের কথা
গ খ্রিস্টান সমাজের কথা
ঘ রক্ষণশীল হিন্দু সমাজের কথা — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

৯৮. 'বিলাসী' গল্পে ফুটে উঠেছে তৎকালীন হিন্দু সমাজের— [কক্সবাজার সরকারি মহিলা কলেজ]
ক যৌতুকপ্রথা খ বাল্যবিবাহ
গ বহুবিবাহ ঘ বর্ণ বৈষম্য — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

৯৯. 'অপরিচিতা' গল্পের কল্যাণীর সঙ্গে 'বিলাসী' গল্পের বিলাসীর সাদৃশ্য কীসে? [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম]
ক প্রেমে খ মানবিকতায়
গ ব্যক্তিত্বে ঘ প্রতিবাদে — গ
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

১০০. 'বিলাসী' গল্পে কথকের নাম কী? [চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ]
ক মৃত্যুঞ্জয় খ ন্যাড়া
গ বিলাসী ঘ হরিশ — খ
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

১০১. 'বিলাসী' গল্পটি সমাজে বিরাজমান কোন সংকীর্ণ দিকটির সীমা ছাড়িয়ে উঠেছে? [ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ]
ক ভাইয়ে ভাইয়ে বিবাদ খ ধর্মীয় কুসংস্কার
গ নারীর প্রতি সহিংসতা ঘ জাতিগত বিভেদ — খ
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

গদ্য

১০২. 'বিলাসী' গল্পটি কত বঙ্গাব্দে প্রকাশিত হয়? [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]
ক ১৩২২ বঙ্গাব্দের কার্তিক সংখ্যায়
খ ১৩২৩ বঙ্গাব্দের চৈত্র সংখ্যায়
গ ১৩২৪ বঙ্গাব্দের বৈশাখ সংখ্যায়
ঘ ১৩২৫ বঙ্গাব্দের বৈশাখ সংখ্যায় — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

১০৩. 'বিলাসী' গল্পে কোন সময়ের সামাজিক অসংগতিকে ইঙ্গিত করা হয়েছে? [বেপজা পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা]
ক আঠারো শতক খ উনিশ শতক
গ বিশ শতক ঘ একবিংশ শতক — গ
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

১০৪. 'বিলাসী' গল্পে গ্রামের ছেলেদের স্কুলে যেতে হয়— [কক্সবাজার সিটি কলেজ]
i. দুই ক্রোশ পথ পায়ে হেঁটে
ii. বর্ষার দিনে এক হাঁটু কাদা ভেঙে
iii. গ্রীষ্মের দিনে ধুলার সাগর সাঁতরে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪১]

১০৫. 'ঠিক যেন ফুলদানিতে জল দিয়া ভিজাইয়া রাখা বাসি ফুলের মতো।'— গল্পকথক এ কথা দ্বারা কী বুঝিয়েছেন? [আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী]
i. বিলাসীর শারীরিক অবস্থা
ii. বিলাসীর সৌন্দর্য
iii. বিলাসীর মলিন চেহারা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪২]

১০৬. 'সনাতন হিন্দু সমাজ এ কুসংস্কার মানে না'— 'বিলাসী' গল্পে এ উক্তিতে প্রকাশ পেয়েছে— [হলি ক্রস কলেজ, ঢাকা]
i. বিদ্বেষ
ii. শ্লেষ
iii. ব্যঙ্গ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

১০৭. 'বাবুরা, আমাকে একটিবার ছেড়ে দাও, আমি রুটিগুলো ঘরে দিয়ে আসি।'— বিলাসী এ কথা কেন বলেছিল? [ঢাকা কমার্স কলেজ]
i. শিয়াল কুকুরে খেয়ে যাবে
ii. রোগা মানুষ সমস্ত রাত খেতে পারবে না
iii. মৃত্যুঞ্জয় মরে যাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৫]

১০৮. ন্যাড়াকে সাপ ধরার বিদ্যা শেখাতে বিলাসীর আপত্তি ছিল, কারণ কাজটি— [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
i. বিলাসীর অপছন্দের
ii. শক্ত ও ভীতিকর
iii. প্রতারণামূলক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

১০৯. মৃত্যুঞ্জয়ের জন্য বিলাসীর ভালোবাসার প্রমাণ হলো— [প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মুন্সীগঞ্জ]
i. সাপ ধারার বায়না ফিরিয়ে দেওয়া
ii. মৃত্যুঞ্জয়ের শোকে আত্মহত্যা করা
iii. মৃত্যুঞ্জয়কে সেবা-যত্নের মাধ্যমে সুস্থ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৭]

১১০. 'তিলার্ধ' শব্দটি দিয়ে 'বিলাসী' গল্পে বোঝানো হয়েছে— [মাইলস্টোন কলেজ, ঢাকা]
i. তিল পরিমাণ সময়ের অর্ধ
ii. মুহূর্তমাত্র
iii. পরক্ষণেই
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক
[সূত্র: বোর্ড বইয়ের শব্দার্থ ও টীকা, পৃষ্ঠা-৫০]

১১১. 'বিলাসী' গল্পে বিলাসীর প্রেমের মহিমাময় আলোয় ধরা পড়েছে— [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
i. অসাম্প্রদায়িক মানসিকতা
ii. রক্ষণশীল সমাজচিত্র
iii. সমাজ জীবনের কঠোর ও অশুভ চেহারা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — গ
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৫৩]

নিচের উদ্দীপকটি পড়ে ১১২ ও ১১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
প্রতিবেশীর একটি অনুষ্ঠানে দাওয়াতে এসেছেন শফিক রহমান। এলাকার পরিচ্ছন্নতাকর্মী জুলেখাকে সালাদ কাটতে দেখে শারীরিক অসুস্থতার অজুহাতে তাৎক্ষণিক অনুষ্ঠানস্থল ত্যাগ করেন তিনি। [মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল]

১১২. উদ্দীপকের শফিক রহমানের সঙ্গে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?
ক ন্যাড়া খ খুড়া
গ মৃত্যুঞ্জয় ঘ ছোটোবাবু — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

১১৩. উদ্দীপকের কোন দিকটি 'বিলাসী' গল্পে পাওয়া যায়?
ক অনুদারতা খ অশুচিতা
গ অহংবোধ ঘ অস্পৃশ্যতা — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

নিচের উদ্দীপকটি পড়ে ১১৪ ও ১১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মহেন্দ্রনাথ চৌধুরীর জ্যেষ্ঠপুত্র স্বর্ণজিত চৌধুরী। ছাত্রাবস্থায় সে ঝুমা রানিকে বিয়ে করে। ঝুমা রানি সুন্দরী ও বিদুষী হলেও সে নিম্ন বর্ণের। এ কারণে শ্বশুরবাড়িতে তার কদর নেই। [নেত্রকোণা সরকারি কলেজ]

১১৪. ঝুমার সঙ্গে বিলাসী চরিত্রের সাদৃশ্য কোথায়?
ক সাহসে খ বিদ্যায়
গ কৌলীন্যে ঘ বর্ণবৈষম্যে — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

১১৫. উদ্দীপকটি 'বিলাসী' গল্পের বিষয়বস্তুর সঙ্গে মিলে যায়—
i. কুসংস্কারাচ্ছন্নতায়
ii. বর্ণভেদে
iii. সম্পদলিপ্সায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

নিচের উদ্দীপকটি পড়ে ১১৬ ও ১১৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:
শতাব্দী কলুপাড়ার কলুর মেয়ে। সে কর্মনিপুণ ও সেবাব্রতী। ভালোবেসে বিয়ে করে অভিজিতকে। কিন্তু সে নিচু শ্রেণির হওয়ায় তাদের বিয়ে মেনে নেয়নি অভিজিতের পরিবার। [আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী]

১১৬. উদ্দীপকে 'বিলাসী' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে?
ক ধর্মবৈষম্য খ জাতিভেদ
গ কুসংস্কার ঘ ধর্মান্ধতা — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

১১৭. উদ্দীপকে শতাব্দীর সাথে 'বিলাসী' গল্পের বিলাসীর সাদৃশ্য—
i. সেবাপরায়ণ
ii. শ্রেণিবৈষম্য
iii. জীবিকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৪]

নিচের উদ্দীপকটি পড়ে ১১৮ ও ১১৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
উচ্চবর্ণের নিখিল ভালোবেসে বিয়ে করে নিম্নবর্ণের মালতিকে। এই বিয়ে মেনে না নিয়ে নিখিলের বাবা অনিমেশ বাবু সন্তানকে ত্যাজ্য ঘোষণা করে পৈতৃক সম্পত্তি থেকে বঞ্চিত করেন। [সরকারি বিজ্ঞান কলেজ, ঢাকা]

১১৮. উদ্দীপকের নিখিল চরিত্রের সঙ্গে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য আছে?
ক ন্যাড়া খ মৃত্যুঞ্জয় গ খুড়া ঘ বিলাসী — খ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

১১৯. উদ্দীপকের অনিমেশ বাবু চরিত্রে 'বিলাসী' গল্পের কোন সামাজিক সমস্যার প্রতিফলন আছে?
ক নিষ্ঠুরতা খ অসাম্য
গ অর্থনৈতিক বৈষম্য ঘ শ্রেণিবৈষম্য — ঘ
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

গদ্য

নিচের উদ্দীপকটি পড়ে ১২০ ও ১২১ নম্বর প্রশ্নের উত্তর দাও:

চৌধুরী সাহেবের বড়ো ছেলে পলাশ পরিবারের সবার জন্য নিরলস পরিশ্রম করে। কিন্তু পাশের গ্রামের মহসিন চৌকিদারের মেয়েকে বিয়ে করলে চৌধুরী সাহেব তাকে ত্যাজ্যপুত্র ঘোষণা করেন। *[বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা]*

১২০. উদ্দীপকের পলাশ এবং 'বিলাসী' গল্পের কোন চরিত্রটি একই পরিস্থিতির শিকার?
ক) খুড়া খ) ন্যাড়া
গ) বিলাসী ঘ) মৃত্যুঞ্জয়
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

১২১. উদ্দীপকে 'বিলাসী' গল্পের কোন সামাজিক দিক লক্ষণীয়?
ক) বর্ণপ্রথা খ) নিষ্ঠুরতা
গ) ব্রাহ্মণ্যবাদ ঘ) শ্রেণিবৈষম্য
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

নিচের উদ্দীপকটি পড়ে ১২২ ও ১২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:

খেলার মাঠে মারামারির সময় ইন্দ্রনাথ শ্রীকান্তকে গণপিটুনির হাত থেকে রক্ষা করে। সেই থেকে অনাত্মীয়, দুঃসাহসী ও হৃদয়বান ইন্দ্রনাথের সাথে শ্রীকান্তের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। পরবর্তীকালে ইন্দ্রের অনেক দুঃসাহসী অভিযাত্রার সঙ্গী হয় শ্রীকান্ত।

১২২. উদ্দীপকের খেলার মাঠের ঘটনাটি 'বিলাসী' গল্পের কোন বিষয়ের সাথে তুলনীয়?
ক) গ্রামের ছেলেমেয়েদের রূঢ় বাস্তবজীবন
খ) ন্যাড়া কর্তৃক বিলাসীকে বাঁচানোর চেষ্টা
গ) সেবাপরায়ণ বিলাসীর উদার হৃদয়
ঘ) মৃত্যুঞ্জয়কে বাঁচাবার ব্যর্থ চেষ্টা করা
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

১২৩. উদ্দীপকে উক্ত তুলনার কারণ কী?
i. পরস্পর অনাত্মীয়
ii. হৃদয়ের ঐশ্বর্য
iii. দুঃসাহসী কাজের সঙ্গী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) ii
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

নিচের উদ্দীপকটি পড়ে ১২৪ ও ১২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:

সেবা-যত্ন ও কাজে খুশি হয়ে সুবিদ প্রতিবেশী শিউলিকে বিয়ে করতে চায়। কিন্তু বাধ সাধে এলাকাবাসী। সুবিদ তাই অন্য শহরে গিয়ে শিউলিকে বিয়ে করে সংসার শুরু করে। *[রাজশাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ]*

১২৪. উদ্দীপকের সুবিদ তোমার বোর্ড বইয়ের কোন চরিত্রের পরিচয় বহন করে?
ক) ন্যাড়া খ) খুড়া
গ) মৃত্যুঞ্জয় ঘ) বৃন্দ মালো
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

১২৫. উদ্দীপকের শিউলি চরিত্রের যে বৈশিষ্ট্য 'বিলাসী' গল্পের বিলাসীর মধ্যে পাওয়া যায়—
i. কর্মনিপুণ
ii. সৌন্দর্যের অহংকার
iii. সেবাব্রতী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

নিচের উদ্দীপকটি পড়ে ১২৬ ও ১২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:

সামিয়ার দরিদ্র পিতা মেয়ের শ্বশুরবাড়ির লোকজনের যৌতুকের দাবি পূরণ করতে পারেনি। ফলে তারা সামিয়াকে বাড়ি থেকে তাড়াতে চাইলে রুখে দাঁড়ায় তার ননদ সালমা। *[ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ]*

১২৬. উদ্দীপকের সালমা 'বিলাসী' গল্পের কার প্রতিনিধিত্ব করে?
ক) মৃত্যুঞ্জয়ের খ) বিলাসীর গ) খুড়ার ঘ) ন্যাড়ার
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

১২৭. উদ্দীপকের সাথে 'বিলাসী' গল্পের মিল—
i. অমানবিক আচরণে
ii. মানসিক সংকীর্ণতায়
iii. ধর্মান্ধ আচরণে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৪৬]

নিচের উদ্দীপকটি পড়ে ১২৮ ও ১২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:

মহুয়া পালার হুমরা বেদে যখন নদের চাঁদকে মারার জন্য মহুয়ার হাতে বিষলক্ষের ছুরি তুলে দেয়, মহুয়া তখন সে ছুরি নিজের বুকে চালিয়ে পতিপ্রেমকে চির অমর করে রাখে। *[কুমিল্লা সরকারি কলেজ]*

১২৮. মহুয়ার সঙ্গে তুলনা চলে— কার?
ক) কল্যাণীর খ) বিলাসীর
গ) হৈমন্তীর ঘ) মৃত্যুঞ্জয়ের
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৪৯]

১২৯. 'বিলাসী' গল্পের ন্যাড়ার বর্ণনা অনুযায়ী শাস্ত্রমতে উদ্দীপকের মহুয়ার স্থান—
ক) সমাজে খ) মর্ত্যে গ) স্বর্গে ঘ) নরকে
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৪৯]

মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্ন ও উত্তর | বিষয়বস্তুর ধারাক্রম অনুসারে

Tutor: বোর্ড বইটি পড়ো অথবা **Audio Book** থেকে টপিকটি শোনো। গুরুত্বপূর্ণ তথ্য মনে রাখতে **TOP TIPS** দেখো। এরপর হাত দিয়ে উত্তর ঢেকে প্রশ্নগুলো অনুশীলন করো। মাস্টার ট্রেইনার প্রণীত এ প্রশ্নগুলো অনুশীলন করলে অধ্যায়টির সকল টপিকের ওপর বহুনির্বাচনি প্রশ্নের প্রস্তুতি সম্পন্ন হবে তোমার।

★★ লেখক-পরিচিতি | বোর্ড বই পৃষ্ঠা-৪১

TOP TIPS

১. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় পশ্চিমবঙ্গের হুগলি জেলার দেবানন্দপুর গ্রামে জন্মগ্রহণ করেন— ১৮৭৬ সালে।
২. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় জীবিকার তাগিদে যান— রেঙ্গুনে
৩. তাঁর সাহিত্য চর্চার সূত্রপাত হয়— রেঙ্গুনে।
৪. শরৎচন্দ্রের উপন্যাসে অপূর্ব মহিমায় চিত্রিত হয়েছে— সমাজের নিচু তলার মানুষ ও নারীকুল।
৫. তাঁর সাহিত্যিক খ্যাতি ছড়িয়ে পড়ে — 'বড়দিদি' প্রকাশের সাথে সাথে।
৬. শরৎচন্দ্রের প্রথম মুদ্রিত রচনা— কুন্তলীন পুরস্কারপ্রাপ্ত 'মন্দির' নামক গল্প।
৭. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডিলিট ডিগ্রি পান— ১৯৩৬ সালে।
৮. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মৃত্যুবরণ করেন— ১৯৩৮ সালের ১৬ই জানুয়ারি কলকাতায়।

▶ সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩০. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কত সালে জন্মগ্রহণ করেন? [জ্ঞান]
ক) ১৮৭৬ খ) ১৮৭৭ গ) ১৮৭৮ ঘ) ১৮৭৯

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ৩১ ভাদ্র ১২৮৩ বঙ্গাব্দে জন্মগ্রহণ করেন।

১৩১. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের পিতার নাম কী? [জ্ঞান]
ক) শ্যামাকান্ত চট্টোপাধ্যায় খ) উপেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
গ) মতিলাল চট্টোপাধ্যায় ঘ) নীহার রঞ্জন চট্টোপাধ্যায়

১৩২. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের মাতার নাম কী? [জ্ঞান]
ক) শ্যামা দেবী খ) ভগবতী দেবী
গ) সারদা দেবী ঘ) ভুবনমোহিনী দেবী

১৩৩. শরৎচন্দ্র বাংলা সাহিত্যের কোন শাখায় সবচেয়ে জনপ্রিয়? [জ্ঞান]
ক) নাটক খ) উপন্যাস
গ) প্রবন্ধ ঘ) ছোটোগল্প

১৩৪. 'চরিত্রহীন' কে রচনা করেন? [জ্ঞান]
ক) সৈয়দ ওয়ালীউল্লাহ খ) হুমায়ূন আহমেদ
গ) সুকান্ত ভট্টাচার্য ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

১৩৫. 'গৃহদাহ' উপন্যাসটির রচয়িতা কে? [জ্ঞান]
ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) কাজী নজরুল ইসলাম
ঘ) জহির রায়হান

১৩৬. সাহিত্যকর্মের স্বীকৃতি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে কত সালে ডি.লিট ডিগ্রি প্রদান করে? [জ্ঞান]
ⓚ ১৯৩৩ সালে ⓚ ১৯৩৪ সালে
ⓖ ১৯৩৫ সালে ⓖ ১৯৩৬ সালে

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে লাভ করেন— জগত্তারিণী স্বর্ণপদক।

১৩৭. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন? [জ্ঞান]
ক) ১৯৩৮ খ্রিষ্টাব্দে খ) ১৯৩৯ খ্রিষ্টাব্দে
গ) ১৯৪০ খ্রিষ্টাব্দে ঘ) ১৯৪১ খ্রিষ্টাব্দে

★★ মূলপাঠ | বোর্ড বই পৃষ্ঠা-৪১ TOP TIPS

১. বিদ্যা অর্জন করতে ছেলেদের যাতায়াত করতে হয়— চার ক্রোশ পথ।
২. মৃত্যুঞ্জয়ের জীবিকা নির্বাহের উপায় ছিল— কুড়ি-পঁচিশ বিঘার আম-কাঁঠালের বাগান।
৩. মৃত্যুঞ্জয়কে সেবা করে যমের মুখ থেকে ফিরিয়ে এনেছে— সাপুড়ের কন্যা বিলাসী।
৪. মৃত্যুঞ্জয় অসুস্থ অবস্থায় অচৈতন্য হয়ে পড়েছিল— দশ-পনেরো দিন।
৫. স্বর্গীয় মুখোপাধ্যায় মহাশয়ের বিধবা পুত্রবধূ মনের বৈরাগ্যে চলে যান— কাশী।
৬. ন্যাড়া সন্ন্যাসগিরিতে ইস্তফা দিলো— মশার কামড় সহ্য করতে না পেরে।
৭. কায়স্থের ছেলে মৃত্যুঞ্জয় জাত বিসর্জন দিয়ে হলো— সাপুড়ে।
৮. গোয়ালার বাড়িতে মৃত্যুঞ্জয়ের মৃত্যু হলো— খরিশ গোখরার দংশনে।
৯. বিলাসী বিষপানে আত্মহত্যা করে— মৃত্যুঞ্জয়ের মৃত্যুর সাত দিন পর।

▶ সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১৩৮. 'বিলাসী' গল্পে বর্ণিত যাদের বাড়ি পল্লিগ্রামে তাদের শতকরা কতভাগকে বিদ্যার্জনের জন্য দীর্ঘ দূরত্ব অতিক্রম করতে হয়? [জ্ঞান]
ক) ৪০ ভাগকে খ) ৬০ ভাগকে
গ) ৮০ ভাগকে ঘ) ১০০ ভাগকে

১৩৯. 'সরস্বতী খুশি হইয়া বর দিবেন কী'— এ কথার কারণ কী? [অনুধাবন]
ক) ছাত্রদের কষ্ট খ) ছাত্রদের আগ্রহ
গ) ছাত্রদের খুশি ঘ) ছাত্রদের শহরমুখিতা

হিন্দু ধর্মমতে সরস্বতী হলেন বিদ্যা ও কলার অধিষ্ঠাত্রী দেবী। বিদ্যা অর্জন করতে গিয়ে শিক্ষার্থীদের কষ্টের স্বরূপ উল্লেখ করে গল্পে বলা হয়েছে বালকদের সরস্বতী বিদ্যার বর দেবেন, না তাদের যন্ত্রণা দেখে লজ্জিত হবেন তা ভেবে পান না।

১৪০. 'ম্যালেরিয়ার কথাটা না হয় নাই পাড়িলাম'— উক্তিটি কোন রচনার অন্তর্গত? [অনুধাবন]
ক) অপরিচিতা খ) বিলাসী
গ) মাসি-পিসি ঘ) আমার পথ

১৪১. 'কামস্কাট্‌কার' রাজধানীর কথা কোন গল্পে উল্লেখ আছে? [অনুধাবন]
ক) বিলাসী খ) অপরিচিতা
গ) একটি তুলসী গাছের কাহিনী ঘ) আহ্বান

'কামস্কাট্‌কা'র প্রকৃত উচ্চারণ কামচাট্‌কা [Kamchatka]। এটি রাশিয়ার অন্তর্গত সাইবেরিয়ায় অবস্থিত একটি উপদ্বীপ। এর রাজধানী শহরের নাম পেত্রোপাভলোভস্ক্‌।

১৪২. মাঝে মাঝেই স্কুলের পথে কার সাথে ন্যাড়ার দেখা হতো? [অনুধাবন]
ক) বিলাসীর সাথে খ) মৃত্যুঞ্জয়ের সাথে
গ) মৃত্যুঞ্জয়ের খুড়ার সাথে ঘ) বুড়ো মালোর সাথে

১৪৩. 'সম্ভবত তাহা প্রত্নতাত্ত্বিকের গবেষণার বিষয়'— উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে? [অনুধাবন]
ক) বিশ্বাস খ) ব্যঙ্গ গ) বিস্ময় ঘ) হতাশা

মৃত্যুঞ্জয়কে গল্পকথক ও তার পরিচিতজনেরা সবসময় থার্ড ক্লাসেই পড়তে দেখেছে। আগের শ্রেণিগুলোতে সে কবে পড়ে এসেছে সেই ইতিহাস কারোরই জানা নেই। এ কারণেই গল্পটিতে ব্যঙ্গ করে আলোচ্য উক্তিটির অবতারণা করা হয়েছে।

১৪৪. মৃত্যুঞ্জয়ের জীবিকানির্বাহ হতো কীভাবে? [অনুধাবন]
ক) চাকরি দ্বারা খ) আমবাগান জমা দিয়ে
গ) ব্যাবসা দ্বারা ঘ) সাপ খেলা দেখিয়ে

১৪৫. মৃত্যুঞ্জয়ের খুড়ার কাজ কী ছিল? [জ্ঞান]
ক) ভাইপোর নানাবিধ সুনাম করা খ) ভাইপোর নানাবিধ দুর্নাম করা
গ) ভাইপোর সঙ্গে ঝগড়া করা ঘ) ভাইপোর নানাবিধ সেবা করা

মৃত্যুঞ্জয়ের প্রকাণ্ড বাগান দখলের লোভ ছিল খুড়ার মনে। তাই তিনি মৃত্যুঞ্জয়ের নামে গ্রামে নানা কুৎসা রটাতেন।

১৪৬. 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয় প্রসঙ্গে 'সুনাম' কথাটি দ্বারা কী প্রকাশ পেয়েছে? [অনুধাবন]
ক) দুর্নাম খ) সম্মান গ) খ্যাতি ঘ) প্রতাপ

খুড়ার নানাবিধ রটনার কারণে মৃত্যুঞ্জয়কে সবাই এড়িয়ে চলত। এমনকি তার কাছ থেকে সাহায্য নিয়ে উপকৃত হওয়া লোকেরাও তার সাথে কথা বলার বিষয়টি স্বীকার করতে চাইত না। গল্পটিতে মৃত্যুঞ্জয়ের এমন দুর্নামকেই ব্যঙ্গ করে 'সুনাম' বলা হয়েছে।

১৪৭. 'বিলাসী' গল্পে ন্যাড়া তার এক আত্মীয়ের কাহিনি উল্লেখ করে কী বোঝাতে চেয়েছে? [অনুধাবন]
ক) স্বামীর গুরুত্ব খ) প্রেমের মহিমা
গ) স্বেচ্ছাচারিতা ঘ) মেকি স্বামীপ্রেম

১৪৮. মৃত্যুঞ্জয় শয্যাগত প্রায় কতদিন? [জ্ঞান]
ক) এক মাস খ) দেড় মাস
গ) আড়াই মাস ঘ) দুই মাস

১৪৯. যমরাজ মৃত্যুঞ্জয়ের সঙ্গে সুবিধা করতে পারেনি কেবল কার জোরে? [অনুধাবন]
ক) বুড়ো মালোর খ) বিলাসীর
গ) মৃত্যুঞ্জয়ের ঘ) ন্যাড়ার

মৃতপ্রায় মৃত্যুঞ্জয়কে সেবা-শুশ্রূষা করে মৃত্যুর দুয়ার থেকে ফিরিয়ে আনে বিলাসী।

১৫০. সামনে পরীক্ষা বলে সুরভী নাওয়া-খাওয়া ভুলে রাত জেগে পড়াশোনা করায় ওর লাবণ্যময় চেহারা ফ্যাকাশে হয়ে গেছে। সুরভীর ক্ষেত্রে প্রযোজ্য উক্তি কোনটি? [প্রয়োগ]
ক) ঠিক যেন ফুলদানিতে জল দিয়া ভিজাইয়া রাখা বাসি ফুল
খ) অতিকায় হস্তী লোপ পাইয়াছে কিন্তু তেলাপোকা টিকিয়া আছে
গ) বাস্তবিক যমরাজ চেষ্টার ত্রুটি কিছু করেন নাই
ঘ) মা-সরস্বতী কোথায় যে লুকাইবেন, ভাবিয়া পান না

কায়স্থ বর্ণের ছেলে হয়ে নিচু জাতের সাপুড়ে কন্যা বিলাসীর হাতে ভাত খাওয়ায় সমাজের চোখে মৃত্যুঞ্জয় 'অন্নপাপ' করে।

১৫১. অসুস্থ থাকাকালে মৃত্যুঞ্জয় কত দিন অচেতন অবস্থায় ছিল? [জ্ঞান]
ক) ৭-৮ দিন খ) ৮-১০ দিন
গ) ১০-১৫ দিন ঘ) ১৫-২০ দিন

১৫২. মৃত্যুঞ্জয়কে সেবাযত্ন করে যমের মুখ থেকে ফিরিয়ে এনেছে কে? [জ্ঞান]
ক) বিলাসী খ) ন্যাড়া
গ) খুড়া ঘ) বুড়ো মালো

১৫৩. দশ-পনেরো দিন অসুস্থতার মধ্যে মৃত্যুঞ্জয় কীভাবে পড়েছিল? [অনুধাবন]
ক) অজ্ঞান-অচৈতন্য অবস্থায় খ) ঘোর নিদ্রারত অবস্থায়
গ) প্রচণ্ড ব্যথাতুর অবস্থায় ঘ) নির্বাক-নিঃসঙ্গ অবস্থায়

১৫৪. 'ওরে বাপরে! আমি একলা থাকতে পারব না'— বলে কে চিৎকার দিয়েছিল? [জ্ঞান]
ক) বিলাসী খ) মৃত্যুঞ্জয়
গ) ন্যাড়ার আত্মীয়া ঘ) মৃত্যুঞ্জয়ের খুড়া

১৫৫. ন্যাড়ার আত্মীয়া তাঁর স্বামীর সাথে কত বছর নির্ভয়ে ঘর করেছিলেন? [জ্ঞান]
ক) বাইশ বছর খ) তেইশ বছর
গ) চব্বিশ বছর ঘ) পঁচিশ বছর

১৫৬. মৃত্যুঞ্জয় কোন বংশের ছেলে? [জ্ঞান]
ক) মালো খ) মিত্তির গ) দত্ত ঘ) আচার্য

১৫৭. 'গেল গেল, গ্রামটা রসাতলে গেল'– কেন গ্রামটা রসাতলে গেল? [অনুধাবন]
ক মৃত্যুঞ্জয় বিলাসীর প্রণয়ের কারণে
খ মৃত্যুঞ্জয় বিলাসীর সেবা গ্রহণের কারণে
গ মৃত্যুঞ্জয় বিলাসীকে বিবাহের কারণে
ঘ মৃত্যুঞ্জয় বিলাসীর জাত গ্রহণের কারণে গ

১৫৮. 'যে বস্তুটি এই অসাধ্য-সাধন করিয়া তুলিয়াছিল তাহার পরিচয় যদিও সেদিন পাই নাই, কিন্তু আর একদিন পাইয়াছিলাম'— এই বস্তুটি প্রকৃতপক্ষে কী? [অনুধাবন]
ক শ্রদ্ধা খ ভালোবাসা গ শক্তি ঘ মূল্যবোধ খ

১৫৯. বিলাসীর আত্মমর্যাদাবোধ প্রকাশিত হয়েছে কোন উক্তিটির মাধ্যমে? [উচ্চতর দক্ষতা]
ক আমরা কেন মিছামিছি লোক ঠকাতে যাই
খ এসব তুমি আর কখনো কোরো না
গ বাবা আমারে বাবুর সাথে নিকা দিয়েছে জানো
ঘ বাবুরা আমাকে একটিবার ছেড়ে দাও গ

১৬০. বিলাসীকে টেনে হিঁচড়ে নিয়ে যাওয়ার পিছনে কারণ কী ছিল? [উচ্চতর দক্ষতা]
ক অন্যায়ের শাস্তি প্রদান খ মানসিক সংকীর্ণতা
গ মৃত্যুঞ্জয়ের সঙ্গে শত্রুতা ঘ ধর্মীয় নির্দেশ পালন খ

মৃত্যুঞ্জয়কে নিজের হাতে ভাত খাইয়ে অন্নপাপ করে সমাজকে কলঙ্কিত করায় বিলাসীকে লাঞ্ছিত করা হয়। এমন আচরণ গ্রামবাসীদের সংকীর্ণ মানসিকতারই পরিচায়ক।

১৬১. 'ওরে বাপরে। আমি একলা থাকতে পারব না।'— উক্তিতে ন্যাড়ার জনৈকা আত্মীয়ার মনোভাবে কী প্রকাশ পায়? [উচ্চতর দক্ষতা]
ক অন্ধকারে কাছে একলা থাকার ভয়
খ স্বামী-স্ত্রীর সম্পর্কের মেকি ভাব
গ অন্ধকারে ভূতজনিত ভীতির প্রবণতা
ঘ মহিলার ভীতু স্বভাবের পরিচয় খ

স্বামীর সাথে পঁচিশ বছর ঘর করলেও মৃত স্বামীর দেহের কাছে পাঁচ মিনিটও থাকার সাহস নেই গল্পকথকের আত্মীয়ার। স্বামীর সাথে তাঁর সম্পর্কে সত্যিকারের ভালোবাসার অনুপস্থিতিই এখানে লক্ষণীয়।

১৬২. 'কাগজ তো ইঁদুরেও আনতে পারে'— উক্তিটি কার? [জ্ঞান]
ক বিলাসীর খ ন্যাড়ার
গ মৃত্যুঞ্জয়ের ঘ মৃত্যুঞ্জয়ের খুড়ার গ

১৬৩. মৃত্যুঞ্জয় রান্না করে খেত কেন? [অনুধাবন]
ক মৃত্যুঞ্জয় নিজে কাজ করতে পছন্দ করত
খ মৃত্যুঞ্জয়ের আপন বলতে কেউ ছিল না
গ অন্যের হাতের খাবার মৃত্যুঞ্জয়ের অপছন্দ ছিল
ঘ পাচকের রান্না খাওয়া নিষিদ্ধ ছিল খ

১৬৪. মৃত্যুঞ্জয় নামটি কীভাবে মিথ্যা প্রতিপন্ন হলো? [অনুধাবন]
ক মৃত্যুঞ্জয়ের মৃত্যুর ফলে
খ অসুস্থতা থেকে বাঁচার ফলে
গ মৃত্যুঞ্জয়কে সাপে কাটার ফলে
ঘ বিলাসীকে বিয়ে করার ফলে ক

১৬৫. 'বিলাসী' গল্পে বিলাসীর মৃত্যু হয় কীভাবে? [জ্ঞান]
ক অসুখে খ বিষপানে
গ সর্প দংশনে ঘ অনাহারে খ

স্বামী হারানোর শোক সইতে না পেরে বিলাসী বিষপানে আত্মহত্যা করে।

১৬৬. 'বিলাসী' গল্পে ছোটোবাবু তাঁর স্বাভাবিক ঔদার্যে গ্রামের বারোয়ারি পূজা বাবদ কত টাকা দান করেন? [জ্ঞান]
ক চার শ টাকা খ তিন শ টাকা
গ দুই শ টাকা ঘ এক শ টাকা গ

১৬৭. 'সন্ন্যাসী অবস্থায় কামাখ্যায় গিয়া সিদ্ধ হইয়া আসিয়াছে'— এখানে 'সিদ্ধ হওয়া' বলতে কী বোঝানো হয়েছে? [অনুধাবন]
ক গরমে অসুস্থ খ সূর্য তাপে দগ্ধ
গ সন্ন্যাসে সাফল্য ঘ সন্ন্যাসে ইস্তফা গ

১৬৮. 'সে তাহার নামজাদা শ্বশুরের শিষ্য'— 'বিলাসী' গল্পের এ বাক্যে 'শ্বশুর' বলতে কাকে বোঝানো হয়েছে? [অনুধাবন]
ক বিলাসীকে খ মৃত্যুঞ্জয়কে
গ ন্যাড়াকে ঘ বিলাসীর বাবাকে ঘ

১৬৯. মৃত্যুঞ্জয়ের খুড়া ষোলো আনা বাগান লাভ করল কীভাবে? [অনুধাবন]
ক বিলাসীর মৃত্যুর ফলে খ মৃত্যুঞ্জয়ের জাত বিসর্জনে
গ মৃত্যুঞ্জয়ের মৃত্যুর ফলে ঘ মৃত্যুঞ্জয়ের অন্নপাপে গ

১৭০. মৃত্যুঞ্জয়ের খুড়া কর্তৃক মৃত্যুঞ্জয়ের গ্লানি অধিক হারে প্রচারের উদ্দেশ্য কী ছিল? [উচ্চতর দক্ষতা]
ক মৃত্যুঞ্জয়কে সৎপথে ফিরিয়ে আনা
খ ধর্মীয় বিধিবিধান সুপ্রতিষ্ঠিত করা
গ মৃত্যুঞ্জয়ের যাবতীয় সম্পত্তি লাভ
ঘ চৌদ্দ পুরুষের জাত রক্ষা করা গ

১৭১. ছেলেবেলায় ন্যাড়ার কয়টি বিষয়ের প্রতি প্রবল শখ ছিল? [জ্ঞান]
ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি খ

১৭২. 'ঘন জঙ্গলের পথ, একটু দেখে পা ফেলে যেয়ো'— এ উক্তিতে বিলাসীর কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? [অনুধাবন]
ক সেবাপরায়ণ খ স্নেহময়
গ মানবদরদি ঘ নারীসুলভ খ

১৭৩. বিলাসীর আত্মহত্যার মধ্যদিয়ে প্রকাশিত হয়েছে— [উচ্চতর দক্ষতা]
ক ভালোবাসার জয় খ ভালোবাসার পরাজয়
গ সমাজের জয় ঘ সমাজের পরাজয় ক

স্বামীর মৃত্যুর পর বেঁচে থাকাটা বিলাসীর জন্য অর্থহীন মনে হয়েছে, যা মৃত্যুঞ্জয়-বিলাসীর প্রবল প্রেমেরই পরিচায়ক।

১৭৪. ন্যাড়া সন্ন্যাসীগিরিতে ইস্তফা দেয় কেন? [অনুধাবন]
ক শাপের ভয়ে খ মশার কামড়ে
গ মৃত্যুর ভয়ে ঘ বাঘের ভয়ে খ

১৭৫. 'বিলাসী' গল্পের লেখক কেন্দ্রীয় চরিত্রের কোন দিকটিকে প্রধানরূপে ফুটিয়ে তুলেছেন? [অনুধাবন]
ক মানবতাবোধ খ প্রেমের মহিমা
গ চারিত্রিক দৃঢ়তা ঘ সেবাপরায়ণতা খ

১৭৬. মৃত্যুঞ্জয় সাপুড়ে জীবন গ্রহণ করল কেন? [অনুধাবন]
ক বিলাসীকে ভালোবেসে বিয়ের কারণে
খ সাপ ধরা তার শখ ছিল বলে
গ সাপুড়ে জীবন ভালো লাগত বলে
ঘ গ্রামছাড়া হয়েছিল বলে ক

অন্নপাপের অজুহাতে গ্রামবাসী বিলাসীকে গ্রামছাড়া করে। বিলাসীকে আপন করে পেতে শেষপর্যন্ত মৃত্যুঞ্জয় জাত বিসর্জন দিয়ে সাপুড়ে হয়ে যায়।

১৭৭. সাপের সংখ্যা যে একাধিক, এমন ধারণা কে করেছিল? [জ্ঞান]
ক মৃত্যুঞ্জয় খ ন্যাড়া গ বিলাসী ঘ গোয়ালা গ

১৭৮. সাপ ধরার বায়না এলে বিলাসী নানা প্রকারে বাধা দিত কেন? [অনুধাবন]
ক ঝুঁকিপূর্ণ কাজ ছিল বলে খ শ্রমসাধ্য কাজ ছিল বলে
গ লোক ঠকানো হতো বলে ঘ অপছন্দের কাজ ছিল বলে ক

১৭৯. সাপ ধরার মন্ত্রে মনসার বাহন বলা হয়েছে কোনটিকে? [জ্ঞান]
ক গোখরো সাপকে খ কেউটে সাপকে
গ দুধরাজ সাপকে ঘ মণিরাজ সাপকে ঘ

১৮০. মৃত্যুঞ্জয় যে সাপটা ধরেছিল সেটির নাম কী? [অনুধাবন]
ক সাদা গোখরো খ পদ্ম গোখরো
গ কালো গোখরো ঘ খরিশ গোখরো ঘ

১৮১. ন্যাড়া কতদিন সন্ন্যাস জীবনযাপন করেছিল? [জ্ঞান]
ক বছরখানেক খ বছর দুয়েক
গ বছর-তিনেক ঘ বছর-চারেক ক

১৮২. 'কলি কি সত্যিই উলটাইতে বসিল?'— উক্তিটি কার? [জ্ঞান]
ক মৃত্যুঞ্জয়ের খ ন্যাড়ার
গ খুড়ার ঘ বুড়ো মালোর ঘ

মৃত্যুঞ্জয় বিলাসীর হাতে ভাত খেয়ে 'অন্নপাপ' করায় সমাজ কলঙ্কিত হয়েছে মনে করে গ্রামবাসী আলোচ্য কথাটি বলে।

১৮৩. 'বিলাসী' গল্পে তৎকালীন সমাজের কোন দিকটি স্পষ্ট হয়ে উঠেছে? [অনুধাবন]
ক জাতভেদ প্রথা খ সাম্প্রদায়িক মনোবৃত্তি
গ নিষ্ঠুরতা ঘ পরোপকারী মনোভাব ক

১৮৪. 'বিলাসী' গল্পের রক্ষণশীল সমাজের পরিচয় কোন চরিত্রের মধ্যে ফুটে উঠেছে? [উচ্চতর দক্ষতা]
ক ন্যাড়া খ খুড়া
গ বিলাসী ঘ মৃত্যুঞ্জয় খ

১৮৫. 'কে বলিবে এ আমাদের সেই মৃত্যুঞ্জয়'— 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয়ের পরিবর্তন কোনটি? [অনুধাবন]
ⓚ জাত বিসর্জন ⓚ বিয়ে
ⓖ অন্নপাপ ⓖ অসুস্থতা **ক**

কায়স্থ ঘরের ছেলে মৃত্যুঞ্জয়কে জাত বিসর্জন দিয়ে পুরোদস্তুর সাপুড়ের বেশে দেখে গল্পকথক অবাক হয়ে আলোচ্য কথাটি ভাবে।

১৮৬. মৃত্যুঞ্জয়ের 'অন্নপাপ'-এর মধ্যে খুড়া কোনটি খুঁজে পেয়েছে? [অনুধাবন]
ক. স্বার্থসিদ্ধির বিশাল সম্ভাবনা
খ. ধর্মীয় বিধি-বিধান অমান্য
গ. সামাজিক মূল্যবোধের অবক্ষয়
ঘ. পারিবারিক মূল্যবোধের অবক্ষয় **ক**

১৮৭. বিলাসীর সৎ মানসিকতার পরিচয় মেলে কীভাবে? [অনুধাবন]
ক. মৃত্যুঞ্জয়ের সেবা করার মাধ্যমে
খ. শিকড় বিক্রি নিষেধ করার মাধ্যমে
গ. সাপ ধরার বায়না প্রত্যাখ্যানের মাধ্যমে
ঘ. সাপের সংখ্যা ধারণা করার মাধ্যমে **খ**

শিকড় বিক্রি করে লোক ঠকানো হয় বলে বিলাসী এটি বিক্রির বিপক্ষে অবস্থান নেয়।

১৮৮. 'ঠাকুর আমার মাথার দিব্যি রইল, এসব তুমি আর কখনো কোরো না'— বিলাসীর এ নিষেধের বিষয় কী ছিল? [অনুধাবন]
ক. শিকড় বিক্রি করা খ. জাত বিসর্জন দেওয়া
গ. সাপ ধরা ঘ. সন্ন্যাসগমন করা **গ**

১৮৯. 'বিলাসী' গল্পে কোন সমাজের কথা বলা হয়েছে? [উচ্চতর দক্ষতা]
ক. অত্যাধুনিক সমাজের কথা খ. রক্ষণশীল সমাজের কথা
গ. প্রগতিশীল সমাজের কথা ঘ. আধুনিক সমাজের কথা **খ**

▶ বহুপদী সমাপ্তিসূচক প্রশ্ন ও উত্তর

১৯০. ন্যাড়াকে সাপ ধরার বিদ্যা শেখাতে বিলাসীর আপত্তি ছিল, কারণ কাজটি— [অনুধাবন]
i. বিলাসীর অপছন্দের
ii. শক্ত ও ভীতিকর
iii. প্রতারণামূলক
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **ঘ**

১৯১. রাতের আঁধারে বনের পথে ন্যাড়াকে এগিয়ে দেওয়ার পিছনে কাজ করেছে বিলাসীর— [অনুধাবন]
i. কর্তব্যজ্ঞান
ii. উদ্‌বেগ
iii. দায়িত্বশীলতা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও ii ঘ. i, ii ও iii **ঘ**

১৯২. 'আমি যে তোমার সত্যের বাঁধনে বাঁধা'— উদ্ধৃতিটির সাদৃশ্য রয়েছে— [অনুধাবন]
i. বিলাসীর জন্য মৃত্যুঞ্জয়ের জাত বিসর্জনে
ii. মৃত্যুঞ্জয়ের মৃত্যুশোকে বিলাসীর আত্মহত্যায়
iii. ন্যাড়ার সন্ন্যাসগিরি ছেড়ে ঘরে ফেরায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **ক**

১৯৩. মৃত্যুঞ্জয়ের জন্য বিলাসীর ভালোবাসার প্রমাণ হলো— [উচ্চতর দক্ষতা]
i. সাপ ধরার বায়না ফিরিয়ে দেওয়া
ii. মৃত্যুঞ্জয়ের শোকে আত্মহত্যা করা
iii. মৃত্যুঞ্জয়কে সেবাযত্নের মাধ্যমে সুস্থ করা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **ঘ**

১৯৪. 'ফুলদানিতে ভিজাইয়া রাখা বাসি ফুল' মূলত বিলাসীর— [অনুধাবন]
i. দৈহিক সৌন্দর্যের পরিচয়
ii. স্বাস্থ্যহীনতার পরিচয়
iii. শারীরিক ক্লান্তির পরিচয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **গ**

মৃত্যুপথযাত্রী মৃত্যুঞ্জয়ের সেবা করতে গিয়ে ভগ্নস্বাস্থ্য বিলাসীর মাঝে ক্লান্তির ছাপ লক্ষ করে গল্পকথক বিলাসীকে ফুলদানিতে ভিজিয়ে রাখা বাসি ফুলের সঙ্গে তুলনা করেছেন।

১৯৫. গ্রামবাসী লাঠিসোটা নিয়ে মৃত্যুঞ্জয়ের পোড়োবাড়িতে উপস্থিত হওয়ার উদ্দেশ্য হলো— [অনুধাবন]
i. মৃত্যুঞ্জয়কে আক্রমণ করা
ii. বিলাসীকে গ্রামছাড়া করা
iii. হরিপুরের সমাজ রক্ষা করা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **গ**

১৯৬. মৃত্যুঞ্জয়ের মৃত্যুতে সুবিধা হলো— [উচ্চতর দক্ষতা]
i. খুড়ার
ii. সমাজের
iii. বিলাসীর বাবার
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **ক**

মৃত্যুঞ্জয়ের মৃত্যুতে তার খুড়া সমস্ত সম্পত্তি করায়ত্ত করল। পাশাপাশি গ্রামবাসীর চোখে অধর্মও দূর হলো।

১৯৭. 'বিলাসী' গল্পের মতো বর্তমানে সমাজে হিন্দু-মুসলমানের মধ্যে কদাচিৎ জাত বিসর্জনের বিষয়টি আসে— [অনুধাবন]
i. বিয়ের বন্ধনে
ii. প্রেমের বন্ধনে
iii. ধর্মবিশ্বাসে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **ক**

১৯৮. 'বিলাসী' গল্পের জীবন-প্রবাহে উঠে এসেছে— [উচ্চতর দক্ষতা]
i. যৌতুকপ্রথা
ii. কুসংস্কার
iii. ধর্মীয় গোঁড়ামি
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **গ**

১৯৯. 'অতিকায় হস্তী লোপ পাইয়াছে কিন্তু তেলাপোকা টিকিয়া আছে'— এ উক্তিটি ইঙ্গিত করে— [অনুধাবন]
i. বর্ণ-হিন্দু সমাজের রীতিনীতির প্রতি
ii. সমাজের অলিখিত বিধি-ব্যবস্থার প্রতি
iii. সমাজের অন্ধবিশ্বাস ও সংকীর্ণতার প্রতি
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **ঘ**

আলোচ্য উক্তিটি দ্বারা যুগযুগ ধরে যৌক্তিকতা হারিয়ে কেবল অস্তিত্ব রক্ষায় সমর্থ হওয়া হিন্দু সমাজব্যবস্থার অযাচিত রীতিনীতির প্রতি ইঙ্গিত করা হয়েছে।

২০০. চার ক্রোশ মানে আট মাইল নয়, ঢের বেশি। কেননা— [অনুধাবন]
i. হিসাবের ভুল
ii. বর্ষার দিনে এক হাঁটু কাদা
iii. গ্রীষ্মের দিনে ধুলার সাগর
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **গ**

২০১. মৃত্যুঞ্জয়ের সঙ্গে সবাই যেচে আলাপ করত— [অনুধাবন]
i. তার কাছ থেকে খাবার আদায়ের আশায়
ii. গ্রামের সবাই তাকে খুব পছন্দ করত বলে
iii. সে অত্যন্ত পরোপকারী ছিল বলে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **খ**

২০২. 'একদিন এই মন্ত্রের সত্য মিথ্যার চরম মীমাংসা হইয়া গেল।' যেদিন— [অনুধাবন]
i. ন্যাড়া মন্ত্রসিদ্ধ হলো
ii. মৃত্যুঞ্জয়কে সাপে কাটল
iii. মৃত্যুঞ্জয় মারা গেল
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii **গ**

বিষহরির মন্ত্রবলে সাপকে বশে আনা যায় এবং সাপ এই মন্ত্রের সাধকের কোনো ক্ষতি করতে পারে না বলে অন্ধবিশ্বাস প্রচলিত আছে। মৃত্যুঞ্জয়কে সাপে কাটলে এ মন্ত্রের কার্যকারিতা অসার প্রমাণিত হয়।

২০৩. 'সনাতন হিন্দু এ কুসংস্কার মানে না'— এ উক্তিতে প্রকাশিত হয়েছে— [অনুধাবন]
i. বিদ্বেষ
ii. শ্লেষ
iii. ব্যঙ্গ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **(গ)**

২০৪. 'বিলাসী' গল্পে শরৎচন্দ্র গেয়েছেন— [অনুধাবন]
i. মানবতার জয়গান
ii. প্রেমের জয়গান
iii. সমাজের জয়গান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **(ক)**

'বিলাসী' গল্পে মানব-মানবীর প্রেমের মহিমা প্রচলিত সমাজব্যবস্থার সংকীর্ণ সীমাকে ছাড়িয়ে মানবপ্রেমের সুবাস ছড়িয়েছে।

▶ অভিন্ন তথ্যভিত্তিক প্রশ্ন ও উত্তর

নিচের উদ্দীপকটি পড়ে ২০৫ ও ২০৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
ধনাঢ্য সুমনের কাছে তার দূরসম্পর্কের এক মামা আশ্রয় চাইলে সে তাঁকে খুশিমনেই বাড়িতে থাকতে দেয়। কয়েক বছর পর সেই মামা সুমনকে মিথ্যা মামলায় ফাঁসিয়ে বাড়িটি দখল করে নেয়।

২০৫. উদ্দীপকের মামা 'বিলাসী' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি? [প্রয়োগ]
ⓚ বিলাসী ⓚ ন্যাড়া ⓖ খুড়া ⓖ মৃত্যুঞ্জয় **(গ)**

২০৬. উভয় চরিত্রের মাঝে মিল— [উচ্চতর দক্ষতা]
i. সম্পদলিপ্সায়
ii. রক্ষণশীল মনোভাবে
iii. কূটবুদ্ধির প্রয়োগে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **(খ)**

মৃত্যুঞ্জয়ের খুড়া সম্পত্তি দখলের জন্য মৃত্যুঞ্জয়ের নামে নানা কুৎসা রটান এবং ধর্মায় অনাচারের ধুয়া তুলে মৃত্যুঞ্জয়কে সমাজচ্যুত করেন।

নিচের উদ্দীপকটি পড়ে ২০৭ ও ২০৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মামুনের বাবা মোতালেব কবিরাজ মানুষকে পানিপড়া দেন, ঝাড়ফুঁক করেন। মামুন মনে করে, তার বাবার বিশেষ ক্ষমতা আছে। একদিন মোতালেব কল থেকে এক বোতল পানি ভরে মামুনকে এক বাড়িতে পাঠাতে গেলে মামুন বলে— 'কিছু পড়ে ফুঁ দিলেন না যে!' মোতালেব বলে— 'আরে, ওরা কি আর জানে এতে কী আছে?' ব্যাপারটা মামুনের ভালো লাগে না এবং যাওয়ার পথে সে পানিটা রাস্তায় ফেলে দেয়।

২০৭. উদ্দীপকের মামুনকে দেওয়া মোতালেবের বোতল ভরা পানি 'বিলাসী' গল্পের কোন প্রসঙ্গের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? [প্রয়োগ]
ⓚ সাপ ধরা ⓚ শিকড় বিক্রি
ⓖ মন্ত্র পড়া ⓖ মাদুলি ধারণ **(ঘ)**

২০৮. উদ্দীপকের মামুন ও 'বিলাসী' গল্পের ন্যাড়া সাদৃশ্যপূর্ণ হয়ে ওঠে— [উচ্চতর দক্ষতা]
i. পরোপকারে
ii. রক্ষণশীল মনোভাবে
iii. বিবেকের তাড়না অনুভবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **(গ)**

'বিলাসী' গল্পের ন্যাড়া মনে মনে সমাজের নানা রীতিনীতির কার্যকারিতা সম্পর্কে দ্বিধাদ্বন্দ্বে ভোগে। বিলাসীর প্রতি অবিচারকে সঠিক মনে না হলেও এর প্রতিবাদ করতে তার সাহস হয় না।

নিচের উদ্দীপকটি পড়ে ২০৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
'কাব্য নয়, চিত্র নয়, প্রতিমূর্তি নয়,
ধরণি চাহিছে শুধু হৃদয়—হৃদয়।' —অক্ষয়কুমার বড়াল

২০৯. 'বিলাসী' গল্পে কোন ঘটনাটি উদ্দীপকের মূলভাবের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? [উচ্চতর দক্ষতা]
ⓚ মৃত্যুঞ্জয় তার সহপাঠীদের খাবার কিনে খাওয়াত
ⓚ বিলাসী মৃত্যুঞ্জয়কে সেবা করে সুস্থ করে তুলল
ⓖ বিলাসীকে বিয়ে করে মৃত্যুঞ্জয় তার ঘরে তুলল
ⓖ সাত দিনের বেশি বেঁচে থাকাটা বিলাসী সইতে পারল না **(ঘ)**

নিচের উদ্দীপকটি পড়ে ২১০ ও ২১১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
গৌরীশংকর রায়চৌধুরীর জ্যেষ্ঠ পুত্র রবিশংকর রায়চৌধুরী। ছাত্রাবস্থায় সে শোভা রাণীকে বিয়ে করে। শোভা সুন্দরী ও বিদুষী হলেও সে নিম্ন বর্ণের। এ কারণে শ্বশুরবাড়িতে তার কদর নেই।

২১০. শোভার সঙ্গে বিলাসী চরিত্রের সাদৃশ্য কোথায়? [প্রয়োগ]
ⓚ সাহসে ⓚ বিদ্যায় ⓖ কৌলীন্যে ⓖ বর্ণ বৈষম্যে **(ঘ)**

২১১. উদ্দীপকটি 'বিলাসী' গল্পের বিষয়বস্তুর সঙ্গে মিলে যায়— [উচ্চতর দক্ষতা]
i. কুসংস্কারাচ্ছন্নতায়
ii. বর্ণভেদে
iii. সম্পদলিপ্সায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **(ক)**

নিচের উদ্দীপকটি পড়ে ২১২ ও ২১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
ধনাঢ্য ব্যবসায়ীর একমাত্র কন্যা সায়মা পিতার অমতে নিম্নবিত্ত রবিউলকে ভালোবেসে বিয়ে করে আটপৌরে জীবনযাপন করছে।

২১২. উদ্দীপকের সায়মা কাকে প্রতিনিধিত্ব করে? [প্রয়োগ]
ⓚ বিলাসীকে ⓚ কল্যাণীকে
ⓖ অপুকে ⓖ মৃত্যুঞ্জয়কে **(ঘ)**

২১৩. উদ্দীপকে 'বিলাসী' গল্পের কোন সমাজবাস্তবতা প্রতিফলিত হয়েছে? [উচ্চতর দক্ষতা]
ⓚ শ্রেণি বৈষম্য ⓚ রক্ষণশীলতা
ⓖ জাতিভেদ ⓖ কুসংস্কার **(ক)**

★★ শব্দার্থ ও টীকা | বোর্ড বই পৃষ্ঠা-৪৯

TOP TIPS

১. হিন্দু পুরাণ অনুসারে বিদ্যা ও কলার অধিষ্ঠাত্রী দেবী— বীণাপাণি বা সরস্বতী।
২. 'কামচাট্কা' হলো— রাশিয়ার অন্তর্গত সাইবেরিয়ার উত্তর-পূর্বে অবস্থিত উপদ্বীপ।
৩. বিখ্যাত সমুদ্র বন্দর এডেন— লবণ তৈরির জন্য প্রসিদ্ধ।
৪. মোগল সম্রাট আকবরের পিতা— হুমায়ুন।
৫. থার্ড ক্লাস হলো বর্তমানের— অষ্টম শ্রেণি।
৬. 'সত্য' যুগ হলো হিন্দু পুরাণে বর্ণিত চার যুগের— প্রথম যুগ।
৭. ভারতের উত্তর প্রদেশে অবস্থিত বিখ্যাত ও সুপ্রাচীন তীর্থক্ষেত্র— কাশী।
৮. 'ধুচুনি' হলো— চাল ইত্যাদি ধোয়ার জন্য বহু ছিদ্রবিশিষ্ট বাঁশের ঝুড়ি।
৯. হিন্দু ধর্মমতে, মনসা হলেন— সাপের দেবী।
১০. কামাখ্যা— ভারতের আসাম রাজ্যে অবস্থিত প্রাচীন তীর্থস্থান।
১১. বিষকণ্ঠ শিব বা মহেশ্বরের অন্য নাম— মৃত্যুঞ্জয়।
১২. 'বাঙালির বিষ' বলতে বোঝানো হয়েছে— বাঙালির ক্রোধ, বিদ্বেষের ক্ষণস্থায়িত্বকে।
১৩. মৃতের আত্মার সদগতি কামনার উদ্দেশ্যে ব্রাহ্মণকে যে ভোজ্য উৎসর্গ করা হয় তাকে বলে— ভুজ্যি উচ্ছুগ্যু।
১৪. ভূদেবচন্দ্র মুখোপাধ্যায় হলেন— উনিশ শতকের বাংলার নবজাগরণের অন্যতম পথিকৃৎ।
১৫. Mammoth শব্দের অর্থ— মহাগজ বা অতিকায় হস্তী।

▶ সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২১৪. 'বদন দগ্ধ না হয়' দ্বারা কী বোঝানো হয়েছে? [অনুধাবন]
ⓚ মুখ যেন না পোড়ে ⓚ দুর্নাম যেন না রটে
ⓖ শরীর যেন না পোড়ে ⓖ শরীর যেন দগ্ধ না হয় **(ক)**

২১৫. কামচাট্কা কী? [জ্ঞান]
ⓚ দ্বীপ ⓚ উপদ্বীপ ⓖ সাগর ⓖ মহাসাগর **(খ)**

২১৬. কামচাট্কা উপদ্বীপটি কোন দেশের অন্তর্গত? [জ্ঞান]
ⓚ আমেরিকা ⓚ রাশিয়া ⓖ ইংল্যান্ড ⓖ জার্মান **(খ)**

২১৭. ভূদেব বাবু কে? [জ্ঞান]
ⓚ সমাজপতি ⓚ শিক্ষক ⓖ লেখক ⓖ পুরোহিত **(গ)**

ভূদেবচন্দ্র মুখোপাধ্যায় উনিশ শতকের বাংলার নবজাগরণের অন্যতম পথিকৃৎ। হিন্দু সমাজের কুসংস্কারের বিরোধিতা করে তিনি অনেক গ্রন্থ রচনা করেন।

২১৮. ভূদেবচন্দ্র মুখোপাধ্যায়ের পারিবারিক প্রবন্ধের বিষয়বস্তু কী ছিল? [জ্ঞান]
ⓚ হিন্দুসমাজের জয়গান ⓚ হিন্দুসমাজের কুসংস্কার
ⓖ হিন্দুসমাজের ধর্মমত ⓖ হিন্দুসমাজের আচার-অনুষ্ঠান **(ঘ)**

২১৯. **'বিলাসী' গল্পে ব্যবহৃত 'ধুচুনি' শব্দের অর্থ কী?** [জ্ঞান]
ⓚ বাঁশের ঝুড়ি ⓚ বেতের ঝুড়ি
(ক) বাঁশের ঝুড়ি (খ) বেতের ঝুড়ি (গ) বাঁশের লাঠি (ঘ) বেতের লাঠি — ক

২২০. **'কামাখ্যা' কী?** [জ্ঞান]
(ক) পর্বত (খ) তীর্থস্থান (গ) স্নানাগার (ঘ) সমুদ্র — খ

কামাখ্যা তান্ত্রিক সাধক ও উপাসকদের তন্ত্রমন্ত্র সাধনার জন্য বিখ্যাত।

২২১. **'ফলাহার' শব্দটি 'বিলাসী' গল্পে কোন অর্থ প্রকাশ করে?** [জ্ঞান]
(ক) ফলের আহার (খ) জলযোগ (গ) ক্রিয়াযোগ (ঘ) ফল আহারি — খ

২২২. **মনসা কীসের দেবী?** [জ্ঞান]
(ক) জ্ঞানের দেবী (খ) সিদ্ধিদাত্রী দেবী (গ) সর্বমঙ্গলা দেবী (ঘ) সাপের দেবী — ঘ

২২৩. **সাইবেরিয়া কোন দেশের অন্তর্গত?** [জ্ঞান]
(ক) রাশিয়া (খ) স্কটল্যান্ড (গ) স্পেন (ঘ) ইতালি — ক

২২৪. **কামচাটকাতে আগ্নেয়গিরি আছে কয়টি?** [জ্ঞান]
(ক) চৌদ্দোটি (খ) পনেরোটি (গ) ষোলোটি (ঘ) সতেরোটি — ঘ

২২৫. **'কামাখ্যা' কোথায় অবস্থিত?** [জ্ঞান]
(ক) আসামে (খ) মিয়ানমারে (গ) ত্রিপুরায় (ঘ) মিজোরামে — ক

২২৬. **'বিলাসী' গল্পে উল্লিখিত সময়কালে দশম শ্রেণি ছিল কোনটি?** [জ্ঞান]
(ক) ফোর্থ ক্লাস (খ) ফার্স্ট ক্লাস (গ) সেকেন্ড ক্লাস (ঘ) থার্ড ক্লাস — খ

২২৭. **'বীণাপাণি' কীসের দেবী?** [জ্ঞান]
(ক) বুদ্ধির (খ) অন্নের (গ) বিদ্যার (ঘ) সিদ্ধির — গ

'বীণাপাণি' বলা হয় সরস্বতী দেবীকে।

২২৮. **'রম্ভা' অর্থ কী?** [জ্ঞান]
(ক) আম (খ) জাম (গ) কলা (ঘ) রসনা — গ

২২৯. **'অকালকুষ্মাণ্ড' অর্থ কী?** [জ্ঞান]
(ক) তেজি ব্যক্তি (খ) অকর্মণ্য ব্যক্তি (গ) বয়স্ক ব্যক্তি (ঘ) রাগী ব্যক্তি — খ

২৩০. **'এন্ট্রান্স' কোন পরীক্ষার সমতুল্য?** [অনুধাবন]
(ক) মাধ্যমিক (খ) উচ্চ মাধ্যমিক (গ) বিএ (ঘ) এমএ — ক

২৩১. **যিনি প্রথম মন্ত্র লাভ করেন তাঁকে কী বলা হয়?** [জ্ঞান]
(ক) মন্ত্রের স্রষ্টা (খ) মন্ত্রের দ্রষ্টা (গ) মন্ত্রের কর্তা (ঘ) মন্ত্রের সাধন — খ

২৩২. **'যিনি মৃত্যুকে জয় করেন' তাঁকে কী বলা হয়?** [অনুধাবন]
(ক) মৃত্যুজয় (খ) মৃতজয়ী (গ) মর্ত্যঞ্জয় (ঘ) মৃত্যুঞ্জয় — ঘ

২৩৩. **এডেন কী?** [জ্ঞান]
(ক) গ্রাম (খ) শহর (গ) নগর (ঘ) বন্দর — ঘ

২৩৪. **গিয়াস উদ্দীন তোগলক কে ছিলেন?** [জ্ঞান]
(ক) বাদশাহ (খ) সম্রাট (গ) পর্যটক (ঘ) সুলতান — ঘ

২৩৫. **'সত্যযুগ' বলতে হিন্দু পুরাণে বর্ণিত কোন যুগকে বোঝানো হয়েছে?** [জ্ঞান]
(ক) প্রথম (খ) দ্বিতীয় (গ) তৃতীয় (ঘ) চতুর্থ — ক

২৩৬. **পুরাণ মতে, কোন যুগে অন্যায়, অসত্য ও অধর্মের বাড়াবাড়ি ঘটবে?** [জ্ঞান]
(ক) সত্য যুগে (খ) ত্রেতা যুগে (গ) দ্বাপর যুগে (ঘ) কলি যুগে — ঘ

'কলি' হলো হিন্দুপুরাণে বর্ণিত চার যুগের শেষ যুগ।

২৩৭. **শুভাগত অল্প দামে একটি শার্ট কিনতে পেরে নিজের মনে তৃপ্তি লাভ করেছে, তার এই অনুভূতিকে নিচের কোনটির মাধ্যমে ব্যক্ত করা যায়?** [প্রয়োগ]
(ক) আত্মগরিমা (খ) আত্মনিমগ্নতা (গ) আত্মপ্রকাশ (ঘ) আত্মপ্রসাদ — ঘ

২৩৮. **মুনমুন পরীক্ষায় ভালো করার জন্য মরিয়া হয়ে পড়াশোনা করছে। মুনমুনকে কী বলা যায়?** [প্রয়োগ]
(ক) অকালকুষ্মাণ্ড (খ) নাছোড়বান্দা (গ) বহুদর্শী (ঘ) কৃতবিদ্যা — খ

▶ বহুপদী সমাপ্তিসূচক প্রশ্ন ও উত্তর

২৩৯. **'রসাতল' শব্দের অর্থ হলো—** [জ্ঞান]
i. অধঃপতন
ii. অদৃশ্য
iii. উচ্ছন্নে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii — খ

TOP TIPS

★ পাঠ-পরিচিতি | বোর্ড বই পৃষ্ঠা-৫৩

১. 'বিলাসী' গল্পটি প্রথম প্রকাশিত হয়— 'ভারতী' পত্রিকায় ১৯১৮ সালে।
২. 'বিলাসী' গল্পটি প্রথম প্রকাশিত হয়— 'ভারতী' পত্রিকার বৈশাখ সংখ্যায়।
৩. 'বিলাসী' গল্পটি বিবৃত হয়েছে— 'ন্যাড়া' নামের এক যুবকের জবানিতে।
৪. 'বিলাসী' গল্পে ছায়াপাত ঘটেছে— শরৎচন্দ্রের প্রথম জীবনের।
৫. 'বিলাসী' গল্পে দুই ব্যতিক্রমধর্মী মানব-মানবীর প্রেমের মহিমা ছাপিয়ে গেছে— জাতিগত বিভেদের সংকীর্ণ সীমা।
৬. 'বিলাসী' গল্পে লেখকের অবস্থান— উত্তম পুরুষে।
৭. বিলাসী স্বেচ্ছামৃত্যুর পথ বেছে নিয়েছে— প্রেমের কারণে।

▶ সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৪০. **'ভারতী' পত্রিকায় 'বিলাসী' গল্পটি কোন সংখ্যায় প্রথম প্রকাশিত হয়?** [জ্ঞান]
(ক) ১৩২৫ বঙ্গাব্দের বৈশাখ সংখ্যায়
(খ) ১৩২৫ বঙ্গাব্দের জ্যৈষ্ঠ সংখ্যায়
(গ) ১৩২৫ বঙ্গাব্দের আষাঢ় সংখ্যায়
(ঘ) ১৩২৫ বঙ্গাব্দের শ্রাবণ সংখ্যায় — ক

২৪১. **'বিলাসী' গল্পের প্রতিপাদ্য বিষয় কী?** [উচ্চতর দক্ষতা]
(ক) ব্যতিক্রমধর্মী মানব-মানবীর প্রেম
(খ) সমাজের বিধি-বিধানের মাহাত্ম্য
(গ) পল্লি-জীবনের সুখ-দুঃখ
(ঘ) সাপুড়েদের বর্ণিল জীবনকাহিনি — ক

২৪২. **'বিলাসী' গল্পের লেখক কে?** [জ্ঞান]
(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় — খ

২৪৩. **'বিলাসী' গল্পটি কোন সময়ের সামাজিক অসংগতিকে ইঙ্গিত করে?** [জ্ঞান]
(ক) আঠারো শতকের (খ) উনিশ শতকের (গ) বিশ শতকের (ঘ) একবিংশ শতকের — গ

২৪৪. **'বিলাসী' গল্পটি কার জবানিতে বর্ণিত হয়েছে?** [জ্ঞান]
(ক) ন্যাড়ার (খ) মৃত্যুঞ্জয়ের (গ) বিলাসীর (ঘ) খুড়ার — ক

২৪৫. **'বিলাসী' গল্পের নামকরণ করা হয় কীসের আলোকে?** [উচ্চতর দক্ষতা]
(ক) বিষয়বস্তুর আলোকে (খ) অন্তর্নিহিত তাৎপর্যের ভিত্তিতে (গ) পটভূমির আলোকে (ঘ) নায়িকা চরিত্রের আলোকে — ঘ

২৪৬. **প্রেমের জন্য বিলাসী নির্দ্বিধায় কোন পথ বেছে নিয়েছে?** [জ্ঞান]
(ক) স্বেচ্ছাশ্রম (খ) স্বেচ্ছামৃত্যু (গ) নির্বাসন (ঘ) আত্মহত্যা — খ

২৪৭. **'বিলাসী' গল্পে কেন্দ্রীয় চরিত্র কোনটি?** [উচ্চতর দক্ষতা]
(ক) মৃত্যুঞ্জয় (খ) বিলাসী (গ) ন্যাড়া (ঘ) খুড়া — খ

▶ বহুপদী সমাপ্তিসূচক প্রশ্ন ও উত্তর

২৪৮. **'বিলাসী' গল্পে প্রকাশিত হয়েছে—** [অনুধাবন]
i. প্রেমের মাহাত্ম্য
ii. মানবতার আহ্বান
iii. শিক্ষালাভের গুরুত্ব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii — ক

২৪৯. **'বিলাসী' গল্প পড়ে জানা যাবে—** [অনুধাবন]
i. সত্যিকার প্রেমের স্বরূপ
ii. রক্ষণশীল সমাজব্যবস্থার স্বরূপ
iii. মানসিক সংকীর্ণতার স্বরূপ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii — ঘ

অধ্যায়ভিত্তিক প্রস্তুতি যাচাইয়ের জন্য মোবাইলে **POLE** অ্যাপটি ব্যবহার করো। এখানে তুমি প্রতিটি প্রশ্নের সম্ভাব্য উত্তরে ক্লিক